কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2017

কর্মক্ষেত্র
ISSN 0971-7765
www.ekarmakshetra.com

ITI করুন অতি অল্প খরচে
ট্রাস্টের ডোনেশনে
Naihati Pvt. ITI-তে
NCVT স্বীকৃত
Affiliation No. : DGT-6/25/10/2015-TC
ইলেক্ট্রিশিয়ান ও ফিটার
ফ্রী : Uniform, Bag & Book
L&T ও অন্যান্য কোম্পানিতে চাকরির সুযোগ।
8282824274, 8282983625
Web : www.naihatipvtiti.org

বর্ষ ৪০ সংখ্যা ৯ কলকাতা বুধবার, ১৮ সেপ্টেম্বর ২০১৯/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১ আশ্বিন ১৪২৬ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

# ১৩ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ১২০৭৫ ক্লার্ক

## প্রিলিমিনারি পরীক্ষা হবে ৭, ৮, ১৪ ও ২১ ডিসেম্বর এবং মেন পরীক্ষা হবে ১৯ জানুয়ারি

দেশের ১৩টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ১২,০৭৫ জন ক্লার্ক নিয়োগ করা হবে। এই পদে নিয়োগের জন্য যোগ্যতামান যাচাইয়ের কেন্দ্রীয় পরীক্ষা 'কমন রিক্রুটমেন্ট প্রোসেস ফর রিক্রুটমেন্টস অব ক্লার্কস ইন পার্টিসিপেটিং অর্গানাইজেশনস (সি আর পি ক্লার্কস-IX)' নেওয়া হবে ডিসেম্বর-জানুয়ারিতে। প্রিলিমিনারি পরীক্ষা হবে ৭, ৮, ১৪ ও ২১ ডিসেম্বর এবং মেন পরীক্ষা হবে ১৯ জানুয়ারি। অনলাইন এই পরীক্ষাটি পরিচালনা করবে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই বি পি এস)। এটি একটি স্বশাসিত সংস্থা।

দেশের সবক'টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ১৩টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ক্লার্ক পদে নিয়োগের লক্ষ্যে এই পরীক্ষা নেওয়া হবে। সংশ্লিষ্ট ১৩টি ব্যাঙ্কের যে-কোনওটিতে যোগ দিতে চাইলে আগে এই পরীক্ষায় সফল হতে হবে। অনলাইন পরীক্ষায় সফলদের একটি স্কোর কার্ড দেবে আই বি পি এস। ইস্যুর দিন থেকে ১ বছর এই স্কোর কার্ড বৈধ থাকবে।

মনে রাখবেন, ক্ল্যারিক্যাল ক্যাডারের এই লিখিত পরীক্ষাটি যে রাজ্য থেকে দেবেন, পরবর্তীকালে ব্যাঙ্কে সেই রাজ্যের নির্দিষ্ট শূন্যপদে চাকরির জন্যই বিবেচিত হবেন। এক্ষেত্রে সংশ্লিষ্ট রাজ্যের সরকারি ভাষা লিখতে, পড়তে ও বলতে জানা চাই। তাই এখানে পশ্চিমবঙ্গের ৮৪৭টি শূন্যপদ-সহ হিন্দিভাষী রাজ্যগুলি নিয়ে মোট ৪,১৮৯টি শূন্যপদের পূর্ণাঙ্গ বিন্যাস দেওয়া হল।

এরপর চোদ্দোর পাতায়

## সেন্ট্রাল কোলফিল্ডসে ৭৫০ ট্রেড অ্যাপ্রেন্টিসশিপ

আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে ৭৫০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে সেন্ট্রাল কোলফিল্ডস। কোলফিল্ডসের অধীনস্থ বিভিন্ন কেন্দ্রে এক বছরের ট্রেনিং দেওয়া হবে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, মেকানিক (রিপেয়ার অ্যান্ড মেইন্টেন্যান্স অব হেভি ভেহিক্যল)-সহ বিভিন্ন ট্রেডে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: CCL/ Apprentice Trg/Notification/18/ 670.

ট্রেড অনুসারে আসনবিন্যাস: ফিটার: ২৫০টি, ইলেক্ট্রিশিয়ান: ৩৬০টি, ওয়েল্ডার: ৪০টি, মেকানিক (রিপেয়ার অ্যান্ড মেইন্টেন্যান্স অব হেভি ভেহিক্যল): ৪৫টি, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১৫টি, পাম্প অপারেটর-কাম-মেকানিক: ৫টি, মেশিনিস্ট: ২০টি, টার্নার: ১৫টি।

শিক্ষাগত যোগ্যতা: ওয়েল্ডার ট্রেডের ক্ষেত্রে ক্লাস এইট, সঙ্গে এন. সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই ট্রেড কোর্স পাশ। বাকি সবক'টি ট্রেডের ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই ট্রেড কোর্স

এরপর পাঁচের পাতায়

## ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনে ২২৪

স্টেনোগ্রাফার, স্টোর অ্যাসিস্ট্যান্ট, ভেহিক্যল অপারেটর-সহ বিভিন্ন পদে ২২৪ জন কর্মী নেবে ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে সংস্থার বিভিন্ন ল্যাবরেটরি ও এস্টাবলিশমেন্টে। পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CEPTAM-09/A & A.

বিষয় অনুসারে শূন্যপদের বিবরণ: পোস্ট কোড ০৪০১: অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট এ (ইংলিশ টাইপিং): ৫৪টি (সাধারণ ৩৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৭, আর্থিকভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মী, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী এবং বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য ১টি করে শূন্যপদ সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।

পোস্ট কোড ০৬০১: সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট এ: ৪০টি (সাধারণ ২৭, তফসিলি জাতি ৫, ও বি সি ৮)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৬টি এবং দক্ষ খেলোয়াড় ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ১টি করে শূন্যপদ সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ-সবল হতে হবে।

পোস্ট কোড ০৩০১: স্টেনোগ্রাফার গ্রেড-টু (ইংলিশ টাইপিং): ১৩টি (সাধারণ ১২, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে ইংরেজিতে শর্টহ্যান্ডে মিনিটে ন্যূনতম ৮০টি শব্দের দ্রুততা এবং ১০ মিনিট ধরে নেওয়া ডিক্টেশন কম্পিউটারে ৫০ মিনিটে টাইপ করার দক্ষতা থাকতে

এরপর ষোলোর পাতায়

## কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনীতে ৯১৪ কনস্টেবল

### শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক-সহ সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই

৯১৪ জন কনস্টেবল (ট্রেডসম্যান) নেবে কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনী (সি আই এস এফ)। দেশের মোট আটটি সেক্টর— ইস্টার্ন, নর্দার্ন, নর্থ সেন্ট্রাল, ওয়েস্টার্ন, সেন্ট্রাল, সাদার্ন, সাউথ ইস্টার্ন, নর্থ ইস্টার্ন সেক্টরে নিয়োগ হবে এই সমস্ত ট্রেডে: কুক, কবলার, বার্বার, ওয়াশারম্যান, কার্পেন্টার, সুইপার, পেইন্টার, ম্যাসন, প্লাম্বার, মালি এবং ইলেক্ট্রিশিয়ান। শুধুমাত্র তরুণরা দরখাস্ত করবেন।

ট্রেড অনুসারে শূন্যপদের বিন্যাস: কুক: শূন্যপদ ৩৫০টি (সাধারণ ১৩১, তফসিলি জাতি ৪৭, তফসিলি উপজাতি ২১, ও বি সি ৮৪, আর্থিকভাবে

এরপর পনেরোর পাতায়

## জীবনবিমায় কেরিয়ার এজেন্ট

বেশ কিছু কেরিয়ার এজেন্ট নেবে জীবনবিমা নিগমের ইস্টার্ন জোনাল অফিস (কলকাতা)।

যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২১ থেকে ৩৫ বছরের মধ্যে। তফসিলি, প্রাক্তন সমরকর্মী এবং অভিজ্ঞ প্রার্থীরা বয়সে ৫ বছরের ছাড় পাবেন।

আবেদন করতে পারেন যে-কোনও জেলার তরুণ-তরুণীরাই।

কেরিয়ার এজেন্টরা প্রথম বছর প্রতি মাসে ১২,০০০ টাকা, দ্বিতীয় বছরে প্রতি মাসে ১১,০০০ টাকা এবং তৃতীয় বছরে প্রতি মাসে ১০,০০০ টাকা স্টাইপেন্ড পাবেন। এছাড়াও ব্যবসার ওপর আকর্ষণীয় কমিশন, স্কুটার-বাইকের মতো যান কেনার জন্য অগ্রিম টাকা পাওয়া যাবে।

প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি ও প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত জমা দিতে হবে ২০ সেপ্টেম্বরের মধ্যে।

দরখাস্ত জমা এবং প্রার্থী নির্বাচন পদ্ধতি-সহ বিশদ তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই অফিসগুলিতে: (১) মেট্রো সেন্টার: ব্রাঞ্চ ম্যানেজার, এল আই সি অব ইন্ডিয়া, সি এ বি, এইচ বি অ্যানেক্স, ৪, সি আর অ্যাভিনিউ, কলকাতা-৭০০০৭২, ফোন: (০৩৩) ২২১২-৪৫৮০, ৯৮৩৬১-৯০১৩৪। (২) সিনিয়র ব্রাঞ্চ ম্যানেজার, সি এ বি-১, কুইন্স ম্যানসন, রাসেল স্ট্রিট, কলকাতা-

এরপর ষোলোর পাতায়

## ও এন জি সি-তে গ্র্যাজুয়েট ট্রেনি

### গেট-২০২০ পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে

বেশ কিছু গ্র্যাজুয়েট ট্রেনি নেবে অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কর্পোরেশন (ও এন জি সি)। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং ও জিও-সায়েন্স শাখায়। প্রার্থীকে গেট-২০২০ পরীক্ষায় অবশ্যই উত্তীর্ণ হয়ে থাকতে হবে। এই নিয়োগের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর 6/2019 (R & P).

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল বিষয়ে ডিগ্রি, সেইসঙ্গে ২০২০-র গেট

এরপর তেরোর পাতায়

## সি এস আই আর-ইউ জি সি-র নেট পরীক্ষা ১৫ ডিসেম্বর

ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের অধীন বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে বিজ্ঞান শাখায় লেকচারার এবং জুনিয়র রিসার্চ ফেলোশিপের যোগ্যতামান নির্ধারণের জন্য প্রার্থী বাছাই পরীক্ষা 'নেট'-এর দরখাস্ত নেওয়া হচ্ছে। পরীক্ষা ১৫ ডিসেম্বর। প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। জাতীয় স্তরে পরীক্ষাটি নিচ্ছে ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন টি এ)। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**পরীক্ষা নেওয়া হবে এই সব বিষয়ে (ব্র্যাকেটে কোড নম্বর):** কেমিক্যাল সায়েন্সেস (৭০১), আর্থ, অ্যাটমোস্ফেরিক, ওশান অ্যান্ড প্ল্যানেটারি সায়েন্সেস (৭০২), লাইফ সায়েন্সেস (৭০৩), ম্যাথমেটিক্যাল সায়েন্সেস (৭০৪) এবং ফিজিক্যাল সায়েন্সেস (৭০৫)।

আবেদনের যোগ্যতা: কেমিক্যাল সায়েন্স, লাইফ সায়েন্স, ম্যাথমেটিক্যাল সায়েন্স, ফিজিক্যাল সায়েন্স, আর্থ সায়েন্সের মাস্টার্স ডিগ্রিধারী, বি এস (৪ বছরের) এবং বি ই, বি টেক, বি ফার্মা, এম বি বি এস, ইন্টিগ্রেটেড বি এস-এম এস বা সমতুল ডিগ্রিধারীরা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর থাকলে আবেদন করতে পারেন। এই নম্বর নিয়ে বি এসসি (অনার্স) বা সমতুল ডিগ্রি পাশ করে থাকলে অথবা ইন্টিগ্রেটেড এম এস-পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হয়ে থাকলেও আবেদন করতে পারেন। উভয়ক্ষেত্রেই তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীরা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে আবেদন করতে পারবেন। সবক্ষেত্রেই ব্যাচেলর্স ডিগ্রিধারীরা এই নেট পরীক্ষায় সফল হয়ে ২ বছরের মধ্যে পি এইচ ডি বা ইন্টিগ্রেটেড পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হলে তবেই ফেলোশিপ পাবেন। মনে রাখবেন, তাঁরা শুধু জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য নির্বাচিত হবেন। যাঁরা মাস্টার ডিগ্রির ফাইনাল পরীক্ষা দেবেন বা দিয়েছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

পি এইচ ডি-ডিগ্রিধারী, যাঁদের স্নাতকোত্তর স্তরের পরীক্ষা ১৯ সেপ্টেম্বর, ১৯৯১ তারিখের আগে সম্পূর্ণ হয়েছে তাঁরা শিক্ষাগত যোগ্যতার শতকরা হারে ৫ শতাংশ ছাড় পাবেন।

যাঁরা ফেলোশিপের জন্য এই পরীক্ষায় উত্তীর্ণ হবেন তাঁরা স্নাতকোত্তর ডিগ্রির বিষয় অথবা সমতুল কোনও বিষয়ে গবেষণা করতে পারেন। একইসঙ্গে তাঁরা অ্যাসিস্ট্যান্ট প্রফেসর হিসেবেও কাজ করার যোগ্যতা অর্জন করবেন।

বয়স: জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য বয়স ১-৭-২০১৯ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীরা ৫ বছর

এরপর পাঁচের পাতায়



# কর্মক্ষেত্র

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in

বর্ষ ৪০ সংখ্যা ৯ □ ১৮ সেপ্টেম্বর ২০১৯

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
swarnakshar.prakasani@gmail.com


## কর্মখালি

**Airport মেট্রোরেল ও প্রাইভেট BANK (DSA) সংস্থায় কন্ট্রাক্টরের অধীনে স্পট জয়েনিং**

Govt. Regd. L. No.: ... সম্পূর্ণ বিনা ডোনেশনে উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত বেকার কর্মপ্রার্থীদের শিক্ষাগত যোগ্যতানুযায়ী সরাসরি কোম্পানির Direct পে-রোলে স্থায়ীপদে নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (12,500/- – 35,700/-), OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে। কাজ পেতে অতি সত্বর যোগাযোগ করুন। পরিচয়পত্র ও যোগ্যতার কাগজপত্র-সহ। A. C. F. Rd, Kol-56. M: 74792-85933.

□

SBI / HDFC / UCO / YES BANK ও অফিসিয়াল পদে 237 জন স্মার্ট বাংলাভাষী MP-MA (18-36) M/F সরাসরি নিয়োগ। বেতন: 11,856/- – 35,927/- (PF + INC). W2C, Kol-56. বেলঘরিয়া / দমদম: 83348-59516, বেহালা / ধর্মতলা: 62892-51870, বিধাননগর / হাওড়া: 90513-83837, ব্যারাকপুর / কল্যাণী: 90629-77779, গড়িয়া / টালিগঞ্জ: 62911-81432.

□

Jio / SBI কাস্টমার কেয়ারে বাংলা কথা বলার জন্য M/F নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-উচ্চমাধ্যমিক। বেতন: INC + OT-সহ 12,000/-, Z. M. S. Salt Lake, Sec-V, Kol-91. হাওড়া ও হুগলি: 90880-93059, উঃ দঃ 24 পরগনা: 70440-49492.

□

**স্টার হোটেলে চাকরি**

ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি, ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- থাকা, খাওয়া, টিপস। ন্যূনতম মাধ্যমিক। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

□

**এয়ারপোর্ট, মেট্রো ও Pvt ব্যাঙ্কে পার্মানেন্ট জব**

গভঃ লাইসেন্সপ্রাপ্ত Airport, মেট্রো ও ব্যাঙ্কে অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 15,900/- – 47,600/-. PF, ESI, OT-সহ অন্যান্য ব্যবস্থা। V. P., Dum Dum, Kol-74. M: 96140-85698.

□

**JIO 4G, Airtel ও SBI Banking বাংলাভাষী কাস্টঃ কেয়ারে MP-Graduate (18-35)** অভিজ্ঞ/ অনভিজ্ঞ ছেলেমেয়েদের স্পট জয়েনিং চলছে। অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। বেতন: 12,000/- + অন্যান্য সুবিধা। দমদম: 84206-66060 গড়িয়া: 90020-33880. IIFA, Kol-28.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**

মেট্রোরেলে সরাসরি জয়েনিং। বয়স: ১৮-৪৫, বেতন: ১৮,৬০০-৪২,৪০০/-। ১২০ জন কর্মী চাই। থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে। সত্বর যোগাযোগ করুন। S. J. S, বিধাননগর, কলি-৬৪। M: 74783-23464.

## কর্মখালি

**এয়ারপোর্ট, মেট্রো ও Pvt. ব্যাঙ্কে পার্মানেন্ট জব Office- Sec-V, Kol-91**

গভঃ লাইসেন্সপ্রাপ্ত অফিস, Airport, মেট্রো ও ব্যাঙ্কে অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। এডুকেশন: ৮ম-স্নাতক। বয়স: 18-44 বছর। বেতন: 15,700/- – 48,500/- পর্যন্ত। PF, ESI, OT ও Bonus-সহ অন্যান্য সুবিধা আছে। এক্সপেরিয়েন্স হোল্ডারদের জন্য অনেক সুযোগ ও সুবিধা রয়েছে। M. M. M, (M): 74783-33004.

□

**BSNL/VODA/JIO**

কাস্টমার কেয়ারে (10-6 PM) রাজ্যের বিভিন্ন জেলা থেকে (মাধ্যমিক-M.A) অভিজ্ঞ/অনভিজ্ঞ M/F সরাসরি নিয়োগ চলছে। বয়স: (18-38), Sal: 13,500/- – 48,900/- + PF + ESI + মেস। IING, Kol-08. বেহালা: 96742-56755, উঃ/দঃ ২৪ পরগনা: 93308-35785.

□

**আর্জেন্ট রিক্রুটমেন্ট– ব্যাঙ্কে এবং কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও মেট্রোতে নিয়োগ**

Govt. R/L No.: 2807, কোনও ডোনেশন ছাড়াই গ্যারান্টি সহকারে (5) দিনের মধ্যে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। (বেতন: 14,700/- – 48,800/-), OT + PF + ESI + বোনাস প্রমোশন-সহ যাতায়াত ও থাকা-খাওয়া ফ্রী। ফর্ম দেওয়া চলছে। D. C, ডানলপ, Kol-108. (M): 70768-51322.

□

**জাহাজে চাকরি**

**M. M. MANAGEMENT SEC-V, Kol-91**
**wwwmarleymartin.com**

সরাসরি যোগ্যতার উপর নির্ভর করে ভারতবর্ষের বিভিন্ন জাহাজ ও বন্দর অঞ্চলের জন্য সরাসরি ইন্টারভিউ এবং CV Selection-এর মাধ্যমে নিয়োগ চলছে। বয়স: 18-39 বছর। এডুকেশন ৮ম থেকে স্নাতক। পোস্ট: Technical & Non-Technical. বেতন: 18,600/- – 52,400/-. (M): 74783-33101.

□

SBI Banking / Naptol/ Jio কাস্টমার কেয়ারে বাংলাভাষী M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 12,000/-, Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. M: 96744-97493/96740-15515.

□

**জাহাজে চাকরি**

পঃ বাংলার বিভিন্ন প্রান্তের M/F বিভিন্ন Post-এ নিয়োগ করা হচ্ছে। ৮ম-স্নাতক। 18-42, Salary: 15,500/- – 46,700/-, থাকা, খাওয়া-সহ অন্যান্য সুবিধা। C. S. Rd, Kol-110, D. L. C (M): 84369-89638.

□

**হোটেলে স্থায়ী চাকরি**

কেন্দ্র-রাজ্য সরকার স্বীকৃত সংস্থায় কলি/ বাইরে কোন ট্রেনিং ও রেজিঃ ফি ছাড়া সরাসরি জয়েনিং। আয় ৮,০০০/- + থাকা খাওয়া ফ্রী+উন্নতি। গড়িয়া-কলকাতা: 92316-80651. www.bshm.co.in

□

**পুজোর আগে জয়েনিং Airport ও Metro-তে**

L. No-25940X1, ISO-9001-2008 (৮ম থেকে স্নাতক) মহিলা/পুরুষ চাই। কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে Back Office ও Ground স্টাফের বিভিন্ন পদে SV/ ট্রলিবয়/ Driver/ চেকিং/ টোকেন বয় নিয়োগ হবে। বেতন: 16,200/- – 38,700/-, ESI, PF, খাওয়া ও থাকা ফ্রি। A. Enterprise, Dum Dum, Kol-65. (M): 77183-79485.

## কর্মখালি

**সরাসরি জেলাভিত্তিক Pvt. Bank ও Airport**

এ M/F চাই। উঃ + পঃ বঙ্গের প্রতিটি জেলায় বেসরকারি BANK ও দমদম এয়ারপোর্টে বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে SV, ক্লার্ক, Peon, ইনচার্জ, চেকিং, ট্রলিবয় ও অন্যান্য বিভিন্ন পদে নিয়োগ। বেতন: 16,200/- – 38,700/-. ESI, PF -এর সুবিধা। N. C, ঠিকানা: দমদম, কলি-৬৫। (M): 86957-28334.

□

Jio / SBI কাস্টমার কেয়ারে M/F নিয়োগ চলছে। বেতন: INC + OT-সহ 12,000/-, Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. 90513-76362/74509-64662.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**

যোগ্যতা অনুযায়ী নিজ জেলায় বিভিন্ন MNC, NC, Pvt. Ltd Co.-তে S.V, এছাড়া Bank (DSA) D. E, CCTV Monitoring Motel Recp, Hospital Recp, নার্স, ওয়ার্ডবয় ও অন্যান্য অফিসিয়াল পদে ডোনেশন ছাড়া সরাসরি কর্মী চাই। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (13,700/- – 29,500), এজেন্ট স্বাগত। Assured Enterprise, G. T. Rd, Pin-712 203. M: 98512-93861.

□

**মার্চেন্ট নেভিতে চাকরি**

সরাসরি যোগ্যতার উপর নির্ভর করে শারীরিক সক্ষম কর্মপ্রার্থীদের ভারতবর্ষের বিভিন্ন জাহাজ ও বন্দর অঞ্চলে নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 13,700/- – 46,200/-. Ex-সার্ভিস ম্যানদের বিশেষ সুবিধা, Sec-2, Kol-91. www.seafarerssuppliers andservices.com M: 90830-66729 (S. S. S.)

□

**VACANCY PVT. LTD**

পার্লেজী, হিন্দুস্থান লিভার, আমুল, ডাবর Co-তে 86 জন Male চাই। বেতন: 13,700/- – 26,500/-, বয়স: 18-40. M: 71782-96025, R. G., CIT Road, Kol-14.

□

**স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ**

পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন: (11,500/- – 18,500/-), থাকা, খাওয়ার ব্যবস্থা আছে। (M): 89728-69872, M.J.S, Kol-9.

□

**Airport, মেট্রো, Pvt. Bank (DSA) ও ATM-এ স্থায়ী নিয়োগ চলছে**

Govt. Regd. L. No.: বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে স্ট্যাম্প পেপারে লিখিত-সহ বিভিন্ন অফিসিয়াল পদে কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: (10,600/- – 45,600/-), এছাড়া OT, PF, ESI-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে। যোগাযোগ করুন: A. Corporate, F. Rd, Kol-56. (M): 74791-94167.

□

**সরাসরি নিয়োগ ৬ দিনে MNC, টাওয়ার, Pvt. Bank**

বয়স: ১৮-৪৮, যোগ্যতা: ৮ম থেকে স্নাতক। পদ: SV, ক্লার্ক, ATM গার্ড, পিওন, SK, ম্যানেজার, ইনচার্জ পদে পঃ বঙ্গের প্রতিটি জেলায় 142 জন কর্মপ্রার্থী স্থায়ী চাকরির সুযোগ পাবে। বেতন: (14,200/- – 32,700/-), Web: www.gcagroup.co.in ঠিকানা: M. G. Rd, Kol-07, G. C. A. (M): 95640-30192.

□

**Salary 10500 - 19900/-**

3-5 স্টার হোটেলে কাজ। থাকা-খাওয়া Free. Acropolish Mall, Kol-107, Sonar Bangla। 86972-35628.


**DISCLAIMER**

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**


**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## কর্মখালি

**জরুরী বিজ্ঞপ্তি**

এয়ারপোর্টে সরাসরি কর্মী নিয়োগ চলছে। বয়স: ১৮-৪৫, বেতন: ১৮,৫০০/- – ৪৬,২০০/-। ১২৫ জন কর্মী চাই। থাকা খাওয়া ফ্রী। সত্বর যোগাযোগ। VPL, বিধাননগর, কলি-৫৮। (M: 74783-15808.

## স্কুল-কলেজ শিক্ষা

**Math, G.I, G.K Guide** বেলঘরিয়া CGL, 10+2, রেল (Gr. D/SM), পুলিশ PSC ক্লার্ক, WBCS, ব্যাঙ্ক (ক্লার্ক/PO) মাসে 600/-. চন্দ্রস্যার: 99035-00682.

□

**Math & Eng** সোনারপুর WBCS, Rail, PSC, SSC, ক্লার্ক Gr.D প্রাইমারি, পুলিশ, SI শর্টকাট, সেকেন্ডে কৌশল। Alakesh Sir: 98360-45234.

□

**Admission open for ITI Trades –** Fitter / Machinist / Turner (NCVT-2 Years). Short Term Courses – Basic Arc Welding, TIG / MIG / MAG Welding, CNC (Turning / Milling), AutoCAD & CAD-CAM. Forms available till 20th Sep. 2019 between 9.00 a.m. to 3.00 p.m. (Monday-Friday). Don Bosco Technical School, 136, Girish Ghosh Road, Liluah, Howrah-711204. Contact: 033-2655-5431 / 70448-11742. Web. www.dbltech.org

□

**Huge Vacancy IBPS Clerk Free** Demo Class by Patna Teachers, 3 months Crash Course, 750/- P. M., A. Arena College St. Kol-7, M: 91432-78967.

□

## স্কুল-কলেজ শিক্ষা

**টিচার্স ট্রেনিং**

প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। (BSS Govt. of India Approved). Placement Assistance. রবীন্দ্র পাঠ ভবন, হাওড়া, টালিগঞ্জ, শ্যামবাজার। 98308-15220 / 90510-74736.

□

**মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং**

**Pre-Primary & Primary Teachers** Training approved by BSS (Govt. of India) সরাসরি ভর্তি চলছে। Placement. রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া: 83350-66915 / 033-2541-2244 কল্যাণী: 033-2502-5475 / 94323-65899.

□

**B. Ed / M. Ed @4,000/- PM**

বর্ধমান ও WBUTTEPA স্বীকৃত কলেজ থেকে 100%, ফ্রি স্কিং। রবিবার ক্লাস, SC /ST-দের স্কলারশিপের সুবিধা। IASBM, দমদম, Kol-30. 90733-86333 / 90733-86337.

**কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২১ সেপ্টেম্বর দুপুর ২টো পর্যন্ত।**

□□□

**২ অক্টোবর কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৮ সেপ্টেম্বর দুপুর ২টো পর্যন্ত**

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন
সকাল সাড়ে ১০টা থেকে ২টো।


# কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ৩০০ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone: 2283-2320, 2280-8818 □ Fax: 2287-6448**
**E-mail: advt@swarnakshar.in**



# স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা। অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০
নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্করপ্রসন্ন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ ₹৯০

**সেরা ভ্রমণ কাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
**ছোটদের বই**
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় জমজমাট দুঘন্টার অশ্রুত MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত। পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৬০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ভোঁতা** ₹২০

স্বর্ণাক্ষর
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448


The Education House YouTube

Scanned by CamScanner

স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# চুল বাঁধার রঙিন ব্যান্ড তৈরির মেশিন

**‘কর্মক্ষেত্র’র জনপ্রিয় বিভাগ ‘কোন মেশিনে কী ব্যবসা’ পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** সারাবছরই চুল বাঁধার নাইলনের ব্যান্ডের চাহিদা থাকে। বাড়িতে বসেই বিভিন্ন ডিজাইনের ব্যান্ড তৈরি করে বিক্রি করতে পারেন বা অর্ডার অনুযায়ী দোকানে সাপ্লাই করতে পারেন।

**কীভাবে করবেন:** প্রথমে বাজার থেকে নাইলনের বিভিন্ন রঙের সুতো কিনে আনতে হবে। বড়বাজার এলাকায় সস্তায় এই সুতো পাওয়া যায়। যে ডিজাইনের ব্যান্ড বানাতে চান সেই ডিজাইনের ববিনে পছন্দমতো রঙের সুতো লাগিয়ে রাখতে হবে। এরপর মেশিনের একটি নির্দিষ্ট চাকায় রবারের ফিতে লাগিয়ে মেশিন চালু করলেই নির্দিষ্ট ডিজাইনের নাইলনের ব্যান্ড লম্বা হয়ে বেরিয়ে আসবে। এবার নির্দিষ্ট মাপ অনুযায়ী সেটি কেটে নিয়ে জুড়ে দিতে হবে। মেশিনটি ঘণ্টায় ১০ কেজি সুতোর লম্বা নাইলনের ব্যান্ড তৈরিতে সক্ষম।

মেশিনটি চালাতে মোটর লাগবে ½ হর্সপাওয়ার এবং বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** মোটরসমেত এই মেশিনটির দাম পড়বে ৮০,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

**‘কর্মক্ষেত্র’-য় ‘স্বনির্ভরতার নানা পথ’ দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক’টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে ‘শিল্পজিজ্ঞাসা’ বিভাগে চিঠি লিখুন।**

□ *আমি তফসিলি জাতিভুক্ত দরিদ্র পরিবারের তরুণ। মাধ্যমিক পরীক্ষা দিতে পারিনি। চাষের কাজের সঙ্গে যুক্ত। আমি পাটের ব্যাগ তৈরি শিখতে চাই। বেশি খরচের সংগতি নেই। অল্প খরচে কোথা থেকে ব্যাগ তৈরি শেখা যায় জানালে উপকৃত হব। —শুভেন্দু দাস, কাঁকিনাড়া, উত্তর ২৪ পরগনা।*

□□ নিখরচায় তফসিলি তরুণ-তরুণীদের পাটের ব্যাগ তৈরির প্রশিক্ষণ দেবে কেন্দ্রীয় সরকারের সংস্থা ন্যাশনাল ইনস্টিটিউট অব ন্যাচারাল ফাইবার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি। প্রতিষ্ঠানের হস্টেলে থেকে প্রশিক্ষণ নিতে হবে। থাকা-খাওয়া ও প্রশিক্ষণ নেওয়ার জন্য কোনও ফি নেই। প্রার্থী বাছাই হবে একটি ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ আয়োজিত হবে ১ নভেম্বর বেলা ১১টায়। কাস্ট সার্টিফিকেট ও আধার কার্ড সঙ্গে নিয়ে ইন্টারভিউয়ে উপস্থিত হতে হবে নীচের ঠিকানায়। এই প্রশিক্ষণ নেওয়ার জন্য বয়সের কোনও কড়াকড়ি নেই। আগ্রহীরা ভর্তির জন্য সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: প্রযুক্তি হস্তান্তর বিভাগ, ন্যাশনাল ইনস্টিটিউট অব ন্যাচারাল ফাইবার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, ১২ রিজেন্ট পার্ক (টালিগঞ্জের রানিকুঠি বাসস্টপের কাছে), কলকাতা-৪০। ফোন: ২৪২১-২১১৫, ২৪২১-২১১৬।

□ *আমি একজন ছোট মশলা প্রস্তুত-কারক। বিভিন্ন গোটা মশলা গুঁড়ো করে বিক্রি করি। এখন অনেকে গোটা মশলাও চাইছেন। ভেজাল গুঁড়ো মশলার আতঙ্কও এই চাহিদার একটা কারণ হতে পারে। যাই হোক, মশলার বাজারগুলোও একটু ঘুরে দেখতে চাই। সেক্ষেত্রে দেশের বৃহত্তম মশলার বাজারটি কোথায় জানাবেন। —গৌতম নাথ, কদমতলা, হাওড়া।*

□□ পুরনো দিল্লির খাড়ি বাওলি এশিয়ার বৃহত্তম মশলার বাজার। ১৭ শতক থেকে এই বাজার চলছে। বাজারের নিকটবর্তী মেট্রো স্টেশনটি হল চাঁদনী চক।

□ *কাঁকড়া চাষের প্রশিক্ষণ কোথাও পাওয়া যেতে পারে কি? সুযোগ থাকলে ঠিকানা জানাবেন। —আরিফ মণ্ডল, মসলন্দপুর, উত্তর ২৪ পরগনা।*

□□ আপনি মেরিন প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটির সঙ্গে যোগাযোগ করুন। কেন্দ্রীয় সরকারের এই সংস্থা সময়ে সময়ে প্রশিক্ষণেরও আয়োজন করে থাকে। কাঁকড়া চাষের ব্যাপারেও প্রশিক্ষণ পাওয়া যেতে পারে। তথ্য-পরামর্শও পাবেন। সংস্থার কলকাতা অফিসের ঠিকানা: ইউনিট ৩০২, চতুর্থ তল, ব্লক-বি, জিন্দাল টাওয়ার, ২১/১এ/৩, দরগা রোড (পার্ক সার্কাস), কলকাতা। ফোন: ২২৮৭-৫৯০৮। ওয়েবসাইট: www.mpeda.gov.in

**পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণী উন্নয়ন ও বিত্ত নিগম**
(পশ্চিমবঙ্গ সরকারের অধীন একটি সংস্থা)
সি এফ ২১৭/এ/১, সেক্টর-১, সল্টলেক, কলকাতা-৭০০০৬৪

**তপশিলী জাতি ও আদিবাসী যুবক/যুবতীদের কর্মসংস্থান ও স্বনির্ভরতার জন্য বিনা ব্যয়ে অনাবাসিক প্রশিক্ষণের সুযোগ**

| বিষয় | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|
| Self Employed Tailor (AMH/1947) | অষ্টম শ্রেণী উত্তীর্ণ |

যোগ্যতা : বয়স ১৮ বছর থেকে ৩৫ বছর।
পারিবারিক বার্ষিক আয় সর্বাধিক ৩,০০,০০০.০০ টাকা।

**প্রশিক্ষণ কেন্দ্র:**

| জেলা | প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা | বিষয় |
|---|---|---|
| উত্তর ২৪ পরগণা | Muchi Mahal, Sardar Bazar, Barrackpore, North 24 Parganas. Pin: 700120 | Self Employed Tailor |
| দক্ষিণ ২৪ পরগণা | Molonga, Krishnarampur, P.O.: Amgachia, Pin: 700104, Bishnapur, South 24 Parganas | Self Employed Tailor |

অনলাইনে সরাসরি আবেদন করুন এই ঠিকানায়: www.wbscstcorp.gov.in
বিশদ জানতে যোগাযোগ করুন: (০৩৩) ৪০৬১৬৪৫৫/৮০১৭০৯২০২৯।
আবেদনের শেষ তারিখ-১৮ই সেপ্টেম্বর ২০১৯।
প্রকল্প রূপায়নে- Disha Academy

### ফল বেরোল

রাজ্য পুলিশে সাব-ইনস্পেক্টর ও মহিলা সাব-ইনস্পেক্টর (২০১৮) পদে নিয়োগের ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.wbpolice.gov.in

**VIDYASAGAR UNIVERSITY**
MIDNAPORE-721102
**Admission Notification**
Ref. No. : VU/R/Advt/1458/2019
Dated : 09/09/2019

Applications are invited for admission to six (6) month certificate courses (UGC approved) - 1) Bee-keeping and Management Certificate; 2) Certificate course for the Dietetics; and 3) Entrepreneurship Development Certificate under the Community College Centre, NSQF Scheme, UGC for the academic session 2019-2020.
For details, please visit University website www.vidyasagar.ac.in or contact at 8373063971. There is no age limit and Minimum qualification is class 12 pass. The last date of submission of Application form is 27th September, 2019.
Registrar

নতুন Combined Tech ব্যাচ শুরু
28th Sep'19 (11.00 am) থেকে।
নতুন Non-Technical ব্যাচ শুরু
28th Sep'19 (11.00 am) থেকে।
তপোবন স্টাডি সেন্টার ফর টেকনিক্যাল এন্ড নন-টেকনিক্যাল
চন্দননগর, জেলা-হুগলি।
8820022385 / 9681026768

**ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন**
ওয়েবসাইট: www.ibps.in
খোঁজখবর/অভিযোগের জন্য লগ অন করুন http://cgrs.ibps.in/-তে

**অংশগ্রহণকারী সংগঠনে ক্লার্ক নিয়োগের জন্য কমন রিক্রুটমেন্ট প্রসেস**
**(সিআরপি ক্লার্কস-IX – ২০২০-২১ শূন্যপদের জন্য)**

অংশগ্রহণকারী সংগঠনে ক্ল্যারিক্যাল কেডার পদে কর্মী মনোনয়নের জন্য পরবর্তী কমন নিয়োগ প্রক্রিয়ার নিমিত্ত অনলাইন এগজ্যামিনেশন (প্রিলিমিনারি এবং মেন) সম্ভাব্যরূপে ডিসেম্বর ২০১৯ এবং জানুয়ারি ২০২০-তে অনুষ্ঠিত হবে বলে নির্দিষ্ট আছে।

ইভেন্টের সম্ভাব্য তফশিল নিম্নরূপ:

| অ্যাক্টিভিটি | সম্ভাব্য তারিখ |
|---|---|
| প্রার্থী কর্তৃক দরখাস্ত এডিট/মডিফিকেশন-সহ অনলাইন রেজিস্ট্রেশন | ১৭.০৯.২০১৯ থেকে ০৯.১০.২০১৯ |
| অনলাইনে দরখাস্ত ফি/ইন্টিমেশন চার্জ পেমেন্ট | ১৭.০৯.২০১৯ থেকে ০৯.১০.২০১৯ |
| প্রি-এগজ্যাম ট্রেনিং-এর জন্য কল লেটার ডাউনলোড | নভেম্বর ২০১৯ |
| প্রি-এগজ্যাম ট্রেনিং পরিচালনা | ২৫.১১.২০১৯ থেকে ৩০.১১.২০১৯ |
| অনলাইন এগজ্যামিনেশনের জন্য কল লেটার ডাউনলোড – প্রিলিমিনারি | নভেম্বর ২০১৯ |
| অনলাইন এগজ্যামিনেশন – প্রিলিমিনারি | ০৭.১২.২০১৯, ০৮.১২.২০১৯, ১৪.১২.২০১৯ ও ২১.১২.২০১৯ |
| অনলাইন এগজ্যাম-এর ফলাফল – প্রিলিমিনারি | ডিসেম্বর ২০১৯/জানুয়ারি ২০২০ |
| অনলাইন এগজ্যামিনেশনের জন্য কল লেটার ডাউনলোড – মেন | জানুয়ারি ২০২০ |
| অনলাইন এগজ্যামিনেশন – মেন | ১৯.০১.২০২০ |
| প্রভিশনাল অ্যালটমেন্ট | এপ্রিল ২০২০ |

প্রার্থীদের বিশদ বিবরণ ও আপডেটের জন্য অনুমোদিত আইবিপিএস ওয়েবসাইট www.ibps.in নিয়মিত দেখতে বলা হচ্ছে।

অনলাইনে প্রার্থী রেজিস্টারিং-এর পূর্বে প্রার্থীদের অত্র বিস্তারিত বিজ্ঞপ্তি এবং নির্দেশাবলি পড়তে পরামর্শ দেওয়া হচ্ছে।

মুম্বই
তারিখ: ১২.০৯.২০১৯
ডিরেক্টর
আইবিপিএস

বিগত বছরে আমাদের প্রতিষ্ঠান থেকে পাশ করে সরকারী চাকরীতে কর্মরত।




VISWA BHARATHI TRUST
বিনামূল্যে M.Sc নার্সিং কোর্স করুন ব্যাঙ্গালোর থেকে
কেন VISWA BHARATHI TRUST-এ ভর্তি হবে?
১. কলেজের নিজস্ব MULTI SPECIALITY HOSPITAL।
২. কলেজে 60% - 80% রেজাল্ট।
৩. ২৪ ঘন্টা সি.সি.টিভি ক্যামেরা, Aquaguard জল ও কারেন্টের ব্যবস্থা আছে।
৪. সমস্ত ছাত্র-ছাত্রীদের ইংরাজি ভীতি কাটানোর জন্য Special Spoken English-এর ব্যবস্থা আছে।
৫. কোর্স শেষে বিদেশ, কলকাতা ও ব্যাঙ্গালোর চাকরির সুযোগ।
৬. ছুটির দিনে বেড়াতে নিয়ে যাওয়া হয়।
৭. স্টুডেন্টদের লোন ও স্কোলারশিপ-এর সহায়তা করা হয়।
সম্পূর্ণভাবে উন্নত মানের বেঙ্গলী কুক দ্বারা খাবারের ব্যবস্থা 1day Fish, 2days Egg, 1day Chicken

GNM, BSC, নার্সিং এ ভর্তি (ব্যাঙ্গালোর ও অন্ধ্র)
SRI SHARADA NURSING COLLEGE (B.Sc)
VISWA BHARATHI SCHOOL OF NURSING (GNM)
INC স্বীকৃত। উচ্চমাধ্যমিক পাশ (35%-45%) মার্কস সহ যে কোনো শাখার ছেলে ও মেয়ে উভয় ভর্তি হতে পারে।

গতবছর পেপারে Ad দেখে আমি কামারপুকুর (আরামবাগ) এসে ঘোষ এডুকেশন সেন্টারের মাধ্যমে ব্যাঙ্গালোরে আমার ছেলেকে GNM নার্সিং এ ভর্তি করাই। এখানে কলেজের মান অন্যান্য কলেজের থেকে উন্নত। এনাদের মত দায়িত্ববান মানুষের হাতে আমার ছেলেকে তুলে দিয়ে আমি খুশি।

আমি পুরুলিয়া থেকে কলকাতায় এসে আমার মেয়েকে GNM নার্সিং-এ ভর্তি করি ঘোষ এডুকেশন সেন্টারের মাধ্যমে। আমি পেশায় ডাক্তার। তাই কাজে ভিষন ব্যস্ত থাকি, কিন্তু এই প্রতিষ্ঠান ব্যাঙ্গালোর থেকে মেয়েকে নিয়ে আসা ও নিয়ে যাওয়া অভিভাবকের মতো দায়িত্ব পালন করে। তাই যাওয়া আসা নিয়ে আমার কোন চিন্তা নেই।
ডঃ সমরেশ মণ্ডল, পুরুলিয়া

100% LOAN ও PLACEMENT HELPING, MINORITY SCHOLARSHIP

বিগত বছর গুলিতে আমাদের প্রতিষ্ঠান থেকে যারা ভর্তি হয়েছে তাদের কয়েকজনের ছবি দেওয়া হলো



বিঃ দ্রঃ- মাত্র ১০০০০ টাকায় ভর্তি করে ৬ ঘন্টার মধ্যে Admission Letter হাতে পাবেন।

ঘোষ এডুকেশন সেন্টার An ISO 9001:2015 certified
দমদম রেল স্টেশন, কলকাতা - 700030, H.O. : 7797314385
কলকাতা : 9609440908, জলপাইগুড়ি : 9681176207 (C.O) কামারপুকুর (আরামবাগ) : 7047093097, মুর্শিদাবাদ ঃ 8001883094, দঃ দিনাজপুর : 9735022549, সোনারপুর : 8001946942, মেদিনীপুর : 8001967916, ওনদা (বাঁকুড়া) : 6297535731, দুর্গাপুর : 8001883094

GNM 2,00,000 - 2,90,000
BSC 3,00,000 - 4,10,000
শিক্ষক এবং সম্মানীয় ব্যাক্তিরা ফ্রাঞ্চাইজির জন্য যোগাযোগ করুন
7797314385

Scanned by CamScanner

# কর্মক্ষেত্র কর্মসহায়ক

**নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।**



*একজন মানুষ তাঁর ভাবনা-চিন্তার ফসল। সে যেমন ভাবে তেমনই হয়ে ওঠে।*
*— মহাত্মা গান্ধী*

*✓আমি ইতিহাসের গ্র্যাজুয়েট। গ্র্যাজুয়েশন সম্পূর্ণ হয়েছে এ বছরই। আমার উচ্চতা ১৫৮ সেমি। স্কুলে পড়তে পড়তে অ্যাথলিট হওয়ার স্বপ্ন ছিল। দৌড়, জাম্পিং ইত্যাদির অভ্যাস ছিল। কলেজে পড়ার সময় থেকে আর নিয়মিত প্র্যাক্টিস হয় না। তবে সপ্তাহে অন্তত তিনদিন দৌড়াই। এটা দীর্ঘদিনের অভ্যাস। মনে আরেকটা সুপ্ত ইচ্ছা আছে। পুলিশ অফিসার হওয়ার ইচ্ছা। সেটা কীভাবে সম্ভব?*

*অর্পিতা দাশগুপ্ত, বেলেঘাটা, কলকাতা।*

☐ শিক্ষাগত যোগ্যতা ও উচ্চতার নিরিখে আপনি পুলিশের অফিসার ক্যাডারে চাকরির জন্য আবেদনের যোগ্য।

*এখনই আবেদন করতে পারেন:* পশ্চিমবঙ্গের পুলিশ সার্ভিসে সরাসরি অফিসার ক্যাডারে চাকরি হয় ডব্লু বি সি এস পরীক্ষার মাধ্যমে। আপনি ডব্লু বি সি এসের 'বি' গ্রুপের পরীক্ষায় বসতে পারেন। কেন্দ্রীয় সরকারের পুলিশ সার্ভিসে সরাসরি অফিসার ক্যাডারে চাকরি হয় কেন্দ্রীয় সিভিল সার্ভিস পরীক্ষার মাধ্যমে। এক্ষেত্রেও 'বি' গ্রুপের পরীক্ষায় বসতে পারেন। পশ্চিমবঙ্গ পুলিশ বা কলকাতা পুলিশে সাব-ইনস্পেক্টর পদের পরীক্ষাতেও আপনি বসতে পারবেন। পদোন্নতির মাধ্যমে আরও উঁচু পদে পৌঁছনোর সুযোগ আছে।

*আবেদন করতে পারবেন:* কয়েকশো সাব-ইনস্পেক্টর ও অ্যাসিস্ট্যান্ট সাব-ইনস্পেক্টর নিয়োগ করা হবে বিভিন্ন কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী ও দিল্লি পুলিশে। মহিলারাও আবেদনের যোগ্য। শিক্ষাগত যোগ্যতা যে কোনও শাখায় গ্র্যাজুয়েট। মহিলাদের ক্ষেত্রে উচ্চতা হতে হবে ১৫৭ সেমি। 'কর্মক্ষেত্র'-র ১১ সেপ্টেম্বর সংখ্যায় 'কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী ও দিল্লি পুলিশে কয়েকশো সাব-ইনস্পেক্টর, অ্যাসিস্ট্যান্ট সাব-ইনস্পেক্টর' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত আগাম খবর জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ১৭ সেপ্টেম্বর থেকে ১৫ অক্টোবরের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssc.nic.in আপনি আবেদন করতে পারেন।

কয়েকশো সাব-ইনস্পেক্টর ও অ্যাসিস্ট্যান্ট সাব-ইনস্পেক্টর নিয়োগ করা হবে। বিভিন্ন কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী ও দিল্লি পুলিশে। মহিলারাও আবেদনের যোগ্য। শিক্ষাগত যোগ্যতা যে কোনও শাখায় গ্র্যাজুয়েট। মহিলাদের ক্ষেত্রে উচ্চতা হতে হবে ১৫৭ সেমি।

*✓মাধ্যমিক পাশ করার পর থেকেই উপার্জনের ব্যবস্থা করতে হয়েছে। একটা গ্যারেজে কাজ করি। গাড়ি মেরামতের অনেকটা কাজ জানি। কম্পিউটার শিখছি। বয়স ২৩ বছর। সরকারি চাকরির খোঁজ দিলে উপকৃত হব।*

*শহিদুল ইসলাম, রাজারহাট, উত্তর ২৪ পরগনা।*

☐ মাধ্যমিক যোগ্যতার কিছু চাকরির জন্য আপনি আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। পরীক্ষার জন্য ভালো প্রস্তুতি থাকা দরকার।

*এখনই আবেদন করতে পারেন:* কিছু মজদুর ও হেল্পার নেবে বাঁকুড়া পুরসভা। শিক্ষাগত যোগ্যতা ক্লাস এইট পাশ। যে কোনও একটি পদে আবেদন করা যাবে। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১১ সেপ্টেম্বর সংখ্যায় 'বাঁকুড়ায় মজদুর, হেল্পার' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। আবেদন করবেন নির্দিষ্ট ফর্মে। আবেদনের ফর্ম ডাউনলোড করতে হবে এই ওয়েবসাইট থেকে:

কিছু মজদুর ও হেল্পার নেবে বাঁকুড়া পুরসভা। শিক্ষাগত যোগ্যতা ক্লাস এইট পাশ। যে কোনও একটি পদে আবেদন করা যাবে। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

www.bankuramunicipality.org প্রয়োজনীয় নথিপত্র-সহ ২০ সেপ্টেম্বরের মধ্যে দরখাস্ত জমা দিতে হবে এই ঠিকানায়: Chairman, Bankura Municipality, Machantala, P.O, P.S & Dist : Bankura, PIN : 722 101

*পরে আবেদন করতে পারবেন:* কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। রেলের লেভেল ওয়ান গ্রুপের কয়েকটি পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে সহায়ক পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারবেন। বিভিন্ন আদালতে গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারবেন। স্বশাসিত বিভিন্ন সংস্থাতেও গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারবেন।

*✓বাংলা অনার্সের দ্বিতীয় বর্ষে পড়ছি। স্টেনোগ্রাফি প্র্যাক্টিস করছি ২ বছর যাবৎ। স্টেনোগ্রাফারের চাকরির খোঁজ দেবেন।*

*সুমন দাস, মামুদপুর, লক্ষ্মণপুর, হুগলি।*

☐ বিভিন্ন সংস্থাতেই স্টেনোগ্রাফারের চাকরি আছে। চাকরির পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে আগে। তারপর স্কিল টেস্টে অর্থাৎ স্টেনোগ্রাফি টেস্টে বসার ডাক পাবেন।

*এখনই আবেদন করতে পারেন:* কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ ও কার্যালয়ে কয়েকশো স্টেনোগ্রাফার নিয়োগ করা হবে। শিক্ষাগত যোগ্যতা যে কোনও শাখায় উচ্চমাধ্যমিক। মিনিটে অন্তত ১০০টি ইংরেজি শব্দ শর্টহ্যান্ডে লেখার দক্ষতা থাকলে গ্রুপ 'সি' পদে আবেদন করা যাবে। মিনিটে অন্তত ৮০টি ইংরেজি শব্দ শর্টহ্যান্ডে লেখার গতি থাকলে 'ডি' গ্রুপে আবেদন করতে পারবেন। দক্ষতা থাকতে হবে টাইপিংয়েও। 'কর্মক্ষেত্র'-র ১১ সেপ্টেম্বর সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে কয়েকশো স্টেনোগ্রাফার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত আগাম খবর জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৭ সেপ্টেম্বর থেকে ১৫ অক্টোবর পর্যন্ত, এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssc.nic.in

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ ও কার্যালয়ে কয়েকশো স্টেনোগ্রাফার নিয়োগ করা হবে। শিক্ষাগত যোগ্যতা যে কোনও শাখায় উচ্চমাধ্যমিক। মিনিটে অন্তত ১০০টি ইংরেজি শব্দ শর্টহ্যান্ডে লেখার দক্ষতা থাকলে গ্রুপ 'সি' পদে আবেদন করা যাবে। মিনিটে অন্তত ৮০টি ইংরেজি শব্দ শর্টহ্যান্ডে লেখার গতি থাকলে 'ডি' গ্রুপে আবেদন করতে পারবেন।

*পরে আবেদন করতে পারবেন:* রেলে স্টেনোগ্রাফার পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিভিন্ন সংস্থায় স্টেনোগ্রাফার নিয়োগ করা হয়। আপনি আবেদন করতে পারবেন। বিভিন্ন আদালতে স্টেনোগ্রাফার পদে চাকরির সুযোগ আছে। গ্র্যাজুয়েশন সম্পূর্ণ হওয়ার পরে পশ্চিমবঙ্গ বিধানসভায় রিপোর্টার পদে আবেদন করতে পারবেন।

## চাকরির নতুন নতুন অভিমুখ সম্পর্কে সচেতন হতে হবে



পিয়ালী সেনগুপ্ত
অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, এম বি এ-পাবলিক সিস্টেম,
ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট

১ লক্ষ মেগাওয়াট সৌরশক্তি এবং ৬০ হাজার মেগাওয়াট বায়ুশক্তি উৎপাদনের লক্ষ্য রয়েছে ভারত সরকারের। ২০২৫ সালের মধ্যে এই লক্ষ্য পূরণ করতে হলে ২০২২ সালের মধ্যে এদেশের রিনিউয়েবল এনার্জি ইন্ডাস্ট্রিতে ১৩ লক্ষ প্রশিক্ষিত লোকের দরকার হবে। কাউন্সিল ফর এনার্জি, এনভায়রনমেন্ট অ্যান্ড ওয়াটার (সি ই ই ডব্লু) এবং ন্যাচারাল রিসোর্সেস ডিফেন্স কাউন্সিলের (এন আর ডি সি) এক যৌথ সমীক্ষার রিপোর্টে একথা জানানো হয়েছে। আমি এই সমীক্ষা রিপোর্টের কথা উল্লেখ করলাম এই কারণে যে, নতুন নতুন সম্ভাবনাময় ক্ষেত্রগুলির চাহিদার কথা মাথায় রেখেও পড়াশোনার বিষয় নির্দিষ্ট করা যেতে পারে। ইঞ্জিনিয়াররা তো বটেই, ফিজিক্সের ছাত্রছাত্রীরাও পুনর্নবীকরণযোগ্য শক্তি উৎপাদন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন। এক্ষেত্রের উপযোগী কোনও প্রশিক্ষণ নিয়ে নিতে পারলে কাজের অভাব হওয়ার কথা নয়।

বিশ্ব উষ্ণায়ন মোকাবিলা, পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ, বর্জ্য নিয়ন্ত্রণ, এনার্জি কনজার্ভেশন ক্ষেত্রেও আগামী দিনগুলিতে প্রচুর কাজের লোকের দরকার হবে। এনভায়রনমেন্টাল সায়েন্স, এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট নিয়ে যাঁরা পড়াশোনা করছেন বা করবেন, তাঁদেরও আগামী দিনে চাকরি পেতে অসুবিধা হওয়ার কথা নয়।

প্রসঙ্গত, পরিবেশ বিজ্ঞানে অনেকগুলো বিষয়ের সমাহার ঘটে। ফিজিক্যাল সায়েন্স, বায়োলজিক্যাল সায়েন্স, কেমিস্ট্রি, প্ল্যান্ট সায়েন্স, সয়েল সায়েন্স, ইকোলজি, জুলজি, মিনারেলজি, ওসেনোগ্রাফি, অ্যাটমোসফেরিক সায়েন্স ইত্যাদির মতো বিষয়গুলির সম্মিলন ঘটে পরিবেশ বিজ্ঞানে। অর্থাৎ বিজ্ঞানের বিভিন্ন বিষয়ের ছাত্রছাত্রীরা এনভায়রনমেন্টাল সায়েন্স পড়তে পারেন। বিজ্ঞানের অনার্স গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট, আইনের গ্র্যাজুয়েট, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েটরা এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট পড়তে পারেন।

আমাদের দেশে রিটেল ইন্ডাস্ট্রির প্রসার ঘটছে। এক্ষেত্রেও প্রচুর চাকরির সুযোগ আছে। আবার রিটেল ইন্ডাস্ট্রির সঙ্গেই যুক্ত হয়ে থাকে লজিস্টিক্স ম্যানেজমেন্ট, ট্রান্সপোর্টেশন ম্যানেজমেন্ট। এই ক্ষেত্রগুলিতেও প্রচুর চাকরির সুযোগ তৈরি হবে।

কয়েকটি উদাহরণ দিলাম উপরে। প্রতিপাদ্য বিষয় হল, শুধু গতানুগতিক চাকরির মুখাপেক্ষী হয়ে থাকলে চলবে না। চাকরির নতুন নতুন অভিমুখগুলো সম্পর্কে সচেতন হতে হবে। প্রয়োজনে চাকরির ক্ষেত্র অনুসারে প্রশিক্ষণ নিয়ে চাকরির জন্য প্রস্তুত হতে হবে।

*✓আমি সোশিওলজির ছাত্রী। স্নাতকোত্তরে ৫০ শতাংশ নম্বর আছে। আমাদের পরিবার ও বি সি ক্যাটেগরিভুক্ত। তফসিলিরা 'নেট' বা পশ্চিমবঙ্গের 'সেট' পরীক্ষায় বসতে পারেন স্নাতকোত্তরে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে। ও বি সি প্রার্থীদের জন্য কি নম্বরে ছাড়ের এই ব্যবস্থা রয়েছে? ফেলোশিপ পাওয়া গেলে নিজের পছন্দ মতো গবেষণার বিষয় ঠিক করা যায় কি? জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য বয়স কত হতে হয়?*

*নাম প্রকাশে অনিচ্ছুক, গোলাপবাগ, বর্ধমান।*

☐ও বি সি-রাও এই দুই পরীক্ষায় ৫ শতাংশ নম্বরের ছাড় পান। অর্থাৎ ন্যূনতম ৫০ শতাংশ নম্বর থাকলে ও বি সি ক্যাটেগরির প্রার্থীরা নেট ও সেট পরীক্ষায় বসতে পারেন।

যাঁরা ফেলোশিপের জন্য নেট পরীক্ষায় উত্তীর্ণ হবেন, তাঁরা স্নাতকোত্তর ডিগ্রির বিষয় অথবা সমতুল কোনও বিষয়ে গবেষণা করতে পারেন। একইসঙ্গে তাঁরা অ্যাসিস্ট্যান্ট প্রফেসর হিসেবেও চাকরি করার যোগ্যতা অর্জন করবেন।

জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য বয়স ১-১২-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, ও বি সি এবং ট্রান্সজেন্ডার প্রার্থীরা বয়সে ৫ বছরের ছাড় পাবেন। ৫ বছরের অভিজ্ঞতাসম্পন্ন গবেষকরাও বয়সের ছাড় পেয়ে থাকেন।

*এখনই আবেদন করতে পারেন:* আগামী নেট পরীক্ষা ২ থেকে ৬ ডিসেম্বর। পরীক্ষায় বসার জন্য এখনই আবেদন করা যাচ্ছে। পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের সেট পরীক্ষা ১৯ জানুয়ারি। এখন আবেদন করা যাচ্ছে। নেট পরীক্ষায় বসার জন্য অনলাইন আবেদন করতে হবে ৯ অক্টোবরের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ntanet.nic.in সেট পরীক্ষায় বসার জন্য অনলাইন দরখাস্ত করতে হবে ৩০ সেপ্টেম্বরের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbcsconline.in 'কর্মক্ষেত্র'-র ১১ সেপ্টেম্বর সংখ্যায় 'ইউ জি সি-র নেট পরীক্ষা শুরু ২ ডিসেম্বর' এবং 'পশ্চিমবঙ্গ পুলিশ সার্ভিস কমিশনের সেট পরীক্ষা ১৯ জানুয়ারি' শীর্ষক সংবাদে এই দুই পরীক্ষা-সম্পর্কিত বিশদ তথ্য জানানো হয়েছে।

আগামী নেট পরীক্ষা ২ থেকে ৬ ডিসেম্বর। পরীক্ষায় বসার জন্য এখনই আবেদন করা যাচ্ছে। পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের সেট পরীক্ষা ১৯ জানুয়ারি। এখন আবেদন করা যাচ্ছে।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Scanned by CamScanner

# কী পড়বেন, কোথায় পড়বেন

## কলকাতা বিশ্ববিদ্যালয়ে দেশি-বিদেশি ভাষার কোর্স




বিভিন্ন দেশি ও বিদেশি ভাষার সার্টিফিকেট এবং ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভাষা বিভাগ। পড়ানো হবে এই সব ভাষা: আরবি, চিনা, ফরাসি, রুশ, জার্মান, কোরিয়ান, স্প্যানিশ, তিব্বতি, ফার্সি, বাংলা, হিন্দি, পালি, সংস্কৃত এবং উর্দু। এর মধ্যে কোরিয়ান ও সংস্কৃত ভাষায় শুধু সার্টিফিকেট কোর্স পড়ানো হবে। প্রতিটি কোর্সেরই মেয়াদ ১ বছর। কোর্স শুরু হবে ডিসেম্বরে।

আসনসংখ্যা: সার্টিফিকেট কোর্সের ক্ষেত্রে প্রতি ভাষার জন্য ৫০টি করে এবং ডিপ্লোমার ক্ষেত্রে ৩০টি করে। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় ৫০ শতাংশ (তফসিলি, ও বি সি-দের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক। স্নাতকোত্তর ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। ডিপ্লোমা কোর্সে ভর্তির ক্ষেত্রে উপরোক্ত যোগ্যতা ছাড়াও কলকাতা বিশ্ববিদ্যালয় বা অন্য কোনও প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ভাষায় ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে কাউন্সেলিংয়ের মাধ্যমে। সার্টিফিকেট কোর্সের ক্ষেত্রে কাউন্সেলিং ১৮ থেকে ২২ নভেম্বর পর্যন্ত। ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে কাউন্সেলিংয়ের দিন পরে জানানো হবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্র সংগ্রহ করা যাবে প্রতিষ্ঠানের ভাষা বিভাগ থেকে। ফি বাবদ দিতে হবে ১০০ টাকা (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ টাকা)। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার কলকাতা বিশ্ববিদ্যালয় শাখায় ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর রিসিপ্টের কাউন্টার পার্টটি জমা দিতে হবে আবেদনপত্রের সঙ্গে। রিসিপ্টের কাউন্টার পার্টের পিছনে প্রার্থীর নাম, মোবাইল নম্বর এবং যে-কোর্সের জন্য আবেদন করছেন, তার নাম লিখে দেবেন। প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যয়িত নকল, প্রার্থীর দু'কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো, ফিয়ের রিসিপ্ট-সহ আবেদনপত্র ২৫ সেপ্টেম্বরের মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: কলকাতা বিশ্ববিদ্যালয়, ভাষা বিভাগ, আশুতোষ বিল্ডিং (সেকেন্ড ফ্লোর), ৮৭/১ কলেজ স্ট্রিট, কলকাতা-৭০০ ০৭৩ (দুপুর ২টো থেকে সন্ধে ৬টার মধ্যে)।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.caluniv.ac.in

## কলকাতার সেন্ট্রাল টুল রুম অ্যান্ড ট্রেনিং সেন্টারে নিখরচায় এয়ার কন্ডিশনার ও কম্পিউটার মেরামতির প্রশিক্ষণ

নিখরচায় আর্থিকভাবে পিছিয়ে পড়া তরুণ-তরুণীকে এয়ার কন্ডিশনার ও কম্পিউটার মেরামতির প্রশিক্ষণ দেবে সেন্ট্রাল টুল রুম অ্যান্ড ট্রেনিং সেন্টার। কোর্সগুলি পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্টের সঙ্গে যৌথ উদ্যোগে করানো হবে। প্রতিটি কোর্সের মেয়াদ ৩ মাস।

কোর্সের বিবরণ: (১) ফিল্ড টেকনিশিয়ান-এয়ার কন্ডিশনার (২) ফিল্ড টেকনিশিয়ান কম্পিউটিং অ্যান্ড পেরিফেরালস। শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম ক্লাস এইট পাশ। বয়স: ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

সরকার অনুমোদিত দারিদ্রসীমার নীচে বসবাসকারী তরুণ-তরুণীরাই এই প্রশিক্ষণ নেওয়ার সুযোগ পাবেন। প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে প্রশিক্ষণের শেষে চাকরি পেতে সাহায্য করা হতে পারে।

প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা: সেন্ট্রাল টুল রুম অ্যান্ড ট্রেনিং সেন্টার, বনহুগলি ইন্ডাস্ট্রিয়াল এরিয়া, কলকাতা-৭০০০১৮।

প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি, বয়স এবং শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের নকল, আধার কার্ডের নকল, প্রার্থীর ব্যাঙ্ক অ্যাকাউন্টের পাসবুকের প্রথম পৃষ্ঠার নকল (পাসবুকে প্রার্থীর ছবি থাকা আবশ্যক)-সহ আবেদন করবেন। প্রতিষ্ঠানের তরফে আবেদনের শেষ তারিখ জানানো হয়নি।

আবেদনের পদ্ধতি-সহ বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ৯৩৩০১৯৩৩০৪, (০৩৩) ২৫৭৮০০০১। ওয়েবসাইট: www.msmetoolroomkolkata.com

## রামকৃষ্ণ মিশনে কারিগরি প্রশিক্ষণ

নিজস্ব প্রতিনিধি: ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স সরঞ্জাম (ডেস্কটপ, মনিটর, টি ভি, সি ডি প্লেয়ার, স্টেবিলাইজার ইত্যাদি) মেরামত এবং এয়ারকন্ডিশনার ও রেফ্রিজারেটর মেরামত ও রক্ষণাবেক্ষণের প্রশিক্ষণ দেবে রামকৃষ্ণ মিশন জনশিক্ষা মন্দির।

ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স সরঞ্জাম মেরামতের প্রশিক্ষণের মেয়াদ ১ বছর। অন্তত মাধ্যমিক পাশ তরুণরা প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করতে পারেন। সপ্তাহে ৩ দিন ক্লাস। প্রশিক্ষণ শুরু হবে ৩ অক্টোবর থেকে। এককালীন ফি ৫ হাজার টাকা। তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৭৩২১-৩৭৩৯৫।

এয়ারকন্ডিশনার ও রেফ্রিজারেটর মেরামতের কোর্সটির মেয়াদ ৪ মাস। সপ্তাহে ৩ দিন ক্লাস। প্রশিক্ষণ শুরু হবে ২ ডিসেম্বর থেকে। অন্তত ক্লাস এইট পাশ ছেলেরা প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করতে পারেন। কোর্স ফি: এককালীন ৪ হাজার টাকা। তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৭৩২৩-৫৮৭৩২।

ভর্তির জন্য যোগাযোগের ঠিকানা: রামকৃষ্ণ মিশন জনশিক্ষা মন্দির, বেলুড় মঠ, হাওড়া। ফোন: ২৬৫৪-১১৪৫।

## নিখরচায় রাজ্যের তফসিলি জাতি ও উপজাতি তরুণ-তরুণীকে মোবাইল ফোন রিপেয়ারিং ও টেলারিং কোর্সে প্রশিক্ষণ

মোবাইল ফোন রিপেয়ারিং ও টেলারিং-এর প্রশিক্ষণ দিচ্ছে আমিগোস সলিউশনস প্রাইভেট লিমিটেড। কোর্স দু'টি পশ্চিমবঙ্গ তফসিলি জাতি ও আদিবাসী উন্নয়ন বিত্ত নিগমের সঙ্গে যৌথ উদ্যোগে করানো হবে।

কোর্সের নাম ও শিক্ষাগত যোগ্যতা: মোবাইল ফোন হার্ডওয়্যার রিপেয়ার টেকনিশিয়ান: শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেল্ফ এমপ্লয়েড টেলার: শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ।

বয়স: ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৩ লাখের নীচে।

প্রশিক্ষণ দেওয়া হবে আলিপুরদুয়ার জেলার বীরপাড়া ও মাদারিহাট, হুগলি জেলার রহিমপুর, কামারপুকুর, আরামবাগ, পাণ্ডুয়া ও ধনিয়াখালি, বাঁকুড়ার কোতুলপুর, রায়পুর এবং বিষ্ণুপুর, পশ্চিম মেদিনীপুরের সবং, চন্দ্রকোনা টাউন, খিরপাই, ঘাটাল, ধর্মা এবং খড়্গপুরে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbscstcorp.gov.in নিগমের তরফে আবেদনের শেষ তারিখ জানানো হয়নি।

প্রশিক্ষণ কেন্দ্রে যোগাযোগের ফোন নম্বর-সহ অন্যান্য তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে তিন সার্টিফিকেট কোর্স



মৌমাছি পালন, ডায়েটেটিক্স এবং অন্ত্রেপ্রেনারশিপ ডেভেলপমেন্টের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ কমিউনিটি কলেজ সেন্টার। প্রতিটি কোর্সের মেয়াদ ছয় মাস।

কোর্সের বিবরণ: (১) বি কিপিং অ্যান্ড ম্যানেজমেন্ট সার্টিফিকেট, (২) সার্টিফিকেট কোর্স ফর ডায়েটেটিক্স এবং (৩) অন্ত্রেপ্রেনারশিপ ডেভেলপমেন্ট সার্টিফিকেট।

আসনসংখ্যা: কোর্স প্রতি ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত উচ্চমাধ্যমিক। বয়স: ১-১০-২০১৯ তারিখে ৬০ বছরের মধ্যে।

কোর্স ফি: ২,৫০০ টাকা।

ক্লাস হবে সোম থেকে শনিবার, দুপুর ১২টা থেকে সন্ধ্যা ৬টা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.vidyasagar.ac.in আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন।

ফি বাবদ দিতে হবে হবে ৫০০ টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি "Vidyasagar University"-র অনুকূলে মেদিনীপুরে প্রদেয় হতে হবে। এ ছাড়াও নগদে ৫০০ টাকার বিনিময়ে আবেদনের ফর্ম সংগ্রহ করতে পারেন বিশ্ববিদ্যালয় থেকে।

প্রয়োজনীয় নথিপত্র ও ডিমান্ড ড্রাফট-সহ পূরণ করা আবেদনপত্র যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে দুপুর ২টোর মধ্যে ২৭ সেপ্টেম্বরের মধ্যে সরাসরি জমা দিতে হবে এই ঠিকানায়: Office of the PG Secretary, Vidyasagar University, Pin-721102.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৮৩৭৩০৬৩৯৭১।

## স্কলারশিপের খোঁজখবর

### সোয়ার্তজম্যান স্কলার্স প্রোগ্রাম ২০১৯

যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পড়তে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে চিনের বেজিংয়ের সিংঘুয়া বিশ্ববিদ্যালয়। স্কলারশিপ বাবদ টিউশন ফি, থাকা ও যাতায়াতের খরচ এবং স্বাস্থ্যবিমার খরচ দেওয়া হবে।

আবেদনের যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে আই ই এল টি এস বা টোয়েফেল বা টোয়েফেল আই বি টি পরীক্ষায় পাশ করে থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ২৯ বছরের মধ্যে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/SSR8 আবেদনের শেষ তারিখ ২৬ সেপ্টেম্বর।

### ইউনিভার্সিটি অব সিডনি পোস্ট-গ্র্যাজুয়েট রিসার্চ স্কলারশিপ ইন অপটিক্যাল স্পেক্ট্রোস্কপি ২০১৯

অপটিক্যাল স্পেকট্রোস্কপি নিয়ে গবেষণা করতে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে অস্ট্রেলিয়ার সিডনি বিশ্ববিদ্যালয়ের স্কুল অব কেমিস্ট্রি। সর্বাধিক ৩ বছরের জন্য দেওয়া হবে এই স্কলারশিপ। এ ছাড়া বার্ষিক স্টাইপেন্ড ও দেওয়া হবে।

আবেদনের যোগ্যতা: অপটিক্যাল স্পেকট্রোস্কপির সমতুল শাখায় অন্তত দ্বিতীয় শ্রেণিতে স্নাতক অথবা স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পাশ।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/SOS2 আবেদনের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর।

*(তথ্য সহায়তা: buddy4study)*

## রাজ্য স্বাস্থ্য দপ্তরে লাইব্রেরিয়ান

লাইব্রেরিয়ান পদে ২০ জনকে নেবে রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর R/Lib.-20/72 (1)/2019.

ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিন্যাস: সাধারণ ৯, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ২, ও বি সি-বি ২, দৈহিক প্রতিবন্ধী ১। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে লাইব্রেরি সায়েন্সে ডিপ্লোমা। বয়স: ১-১-২০১৯ তারিখে ১৮ থেকে ৩৯ বছরের মধ্যে।

বেতনক্রম: ৭,১০০-৩৭,৬০০ টাকা, সঙ্গে গ্রেড পে স্নাতক ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৩,৯০০ টাকা এবং স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৪,১০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in আবেদনের শেষ তারিখ ২১ সেপ্টেম্বর, রাত ৮টা। ফি বাবদ গভর্নমেন্ট রিসিপ্ট পোর্টাল সিস্টেমের মাধ্যমে দিতে হবে ১৬০ টাকা।

দরখাস্তের পদ্ধতি-সহ বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## সি এস আই আর-ইউ জি সি-র নেট পরীক্ষা ১৫ ডিসেম্বর

*প্রথম পাতার পর*

এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের জন্য বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

একজন প্রার্থী একইসঙ্গে জুনিয়র রিসার্চ ফেলোশিপ (জে আর এফ) এবং লেকচারশিপের (এল এস) পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারেন। অধিক বয়সের জন্য জে আর এফ-এ যোগ্য বিবেচিত না হলে প্রার্থী স্বাভাবিকভাবেই লেকচারশিপের জন্য পরীক্ষায় বসতে পারবেন।

পরীক্ষার ধরনধারণ: পরীক্ষা ১৫ ডিসেম্বর। পশ্চিমবঙ্গের (কোড ৩৭) পরীক্ষাকেন্দ্রগুলি হল: আসানসোল (ডব্লু বি ০১), বর্ধমান (ডব্লু বি ০২), দুর্গাপুর (ডব্লু বি ০৪), হুগলি (ডব্লু বি ০৬), হাওড়া (ডব্লু বি ০৭), কল্যাণী (ডব্লু বি ০৮), শিলিগুড়ি (ডব্লু বি ১১) ও কলকাতা (ডব্লু বি ১০)।

তিন পার্টে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা হবে আলাদা আলাদা সেশনে, একই দিনে। সব পেপারেই অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। মোট নম্বর ২০০। পরীক্ষার মোট সময়সীমা ৩ ঘণ্টা। পরীক্ষা নেওয়া হবে দু'টি শিফটে। পরীক্ষার দিন ও শিফট জানা যাবে অ্যাডমিট কার্ড ডাউনলোডের সময়। প্রথম পার্টে থাকবে জেনারেল অ্যাপ্টিটিউড বিষয়ে প্রশ্ন। গুরুত্ব দেওয়া হবে লজিক্যাল রিজনিং, গ্রাফিক্যাল অ্যানালিসিস, অ্যানালিটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, কোয়ান্টিটেটিভ কম্পারিজন, সিরিজ ফর্মেশন, পাজলস ইত্যাদিতে। পার্ট 'বি'-এ থাকবে বিষয়ভিত্তিক অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন। পার্ট 'সি'-এ থাকবে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক বিশ্লেষণাত্মক প্রশ্ন। নেগেটিভ মার্কিং আছে।

কীভাবে আবেদন করবেন: অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.csirnet.nta.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৯ অক্টোবর। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণ করার সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে) ও সই (জে পি জি ফর্ম্যাটে ৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

পরীক্ষার ফি সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ১,০০০ টাকা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা, ও বি সি প্রার্থীদের ক্ষেত্রে ৫০০ টাকা। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১০ অক্টোবর। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

অনলাইন দরখাস্ত পূরণের সময় কোনও ত্রুটি হয়ে থাকলে, তা ১৮ থেকে ২৫ অক্টোবরের মধ্যে ওয়েবসাইটে গিয়ে সংশোধন করা যাবে। ৯ নভেম্বর থেকে পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে উপরোক্ত ওয়েবসাইটের মাধ্যমে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই উপরোক্ত ওয়েবসাইটিও: www.nta.ac.in

## সেন্ট্রাল কোলফিল্ডসে ৭৫০ ট্রেড অ্যাপ্রেন্টিসশিপ

*প্রথম পাতার পর*

পাশ।

বয়স: ১৫-১০-২০১৯ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে আবেদন করবেন না।

ট্রেনিং দেওয়া হবে সেন্ট্রাল কোলফিল্ডসের এই সব এস্টাবলিশমেন্টে: Hazaribag Area, Ranchi Head Quarter, Rajrappa Area, Argada Area, Kuju Area, Kathara Area, Bokaro & Kargali Area, Dhori Area, Central Repair Shop, Barkakana, Barka-Sayal Area, Northkarnpura Area, Piparwar Area. মনে রাখবেন, আবেদনের সময় যে-কোনও একটি এস্টাবলিশমেন্টে প্রশিক্ষণের জন্য আবেদন করতে হবে।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

প্রথমে প্রার্থীকে ট্রেড অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeship.gov.in এরপর এস্টাবলিশমেন্ট সার্চে গিয়ে সেন্ট্রাল কোলফিল্ডসে যে-এস্টাবলিশমেন্টে প্রশিক্ষণ নিতে চান সেটি জানিয়ে ওই পোর্টালেই অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য আবেদন করতে হবে। আবেদনের শেষ তারিখ ১৫ অক্টোবর। আবেদনের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: www.centralcoalfields.in

Scanned by CamScanner

# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## ইউ পি এস সি

□ *ইউ পি এস সি আয়োজিত 'সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস (অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্টস) এক্সামিনেশন'-এর ক্ষেত্রে প্রার্থী বাছাই পদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানতে চাই। —সুস্মিত পাল, কোন্নগর, হুগলি।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত 'সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস (অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্টস) এক্সামিনেশন'-এর ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হয় তিনটি পর্যায়ে। প্রথম পর্যায়ে থাকে ৪৫০ নম্বরের লিখিত পরীক্ষা। পরীক্ষার প্রথম পত্রে থাকে জেনারেল এবিলিটি এবং ইন্টেলিজেন্স-সংক্রান্ত প্রশ্ন। ২৫০ নম্বরের অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হয়। সময়সীমা ২ ঘণ্টা। দ্বিতীয় পত্রে থাকে জেনারেল স্টাডিজ, এসে এবং কম্প্রিহেনশন-সংক্রান্ত প্রশ্ন। বিষয়ভিত্তিক এই পত্রের জন্য বরাদ্দ নম্বর ২০০। সময়সীমা ৩ ঘণ্টা। দ্বিতীয় পর্যায়ে থাকে দৈহিক সক্ষমতার পরীক্ষা। এই পর্যায়ে থাকে: (১) ১০০ মিটার দৌড় (সময়সীমা পুরুষদের ক্ষেত্রে ১৬ সেকেন্ড এবং মহিলাদের ক্ষেত্রে ১৮ সেকেন্ড)। (২) ৮০০ মিটার দৌড় (সময়সীমা পুরুষদের ক্ষেত্রে ৩ মিনিট ৪৫ সেকেন্ড এবং মহিলাদের ক্ষেত্রে ৪ মিনিট ৪৫ সেকেন্ড)। (৩) লং জাম্প: পুরুষদের ৩.৫ মিটার এবং মহিলাদের ৩ মিটার (সর্বাধিক ৩টি সুযোগে)। (৪) শুধুমাত্র পুরুষদের ৭.২৬ কেজি ওজনের শটপাট ছুড়তে হয় ৪.৫ মিটার দূরত্বে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণদের মেডিক্যাল টেস্টের জন্য ডাকা হয়ে থাকে। তৃতীয় পর্যায়ে থাকে মোট ১৫০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

## পি এস সি

□ *পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত ডব্লু বি সি এস পরীক্ষার চারটি গ্রুপেই আবেদন করতে চাই। কোন গ্রুপে কোন চাকরি হয়ে থাকে, সে বিষয়ে বিস্তারিত জানালে উপকৃত হব। —দিশারী শাসমল, অনুপনগর, মুর্শিদাবাদ।*

□□ পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন ডব্লু বি সি এস পরীক্ষা চারটি গ্রুপে বিন্যস্ত। গ্রুপগুলি হল 'এ', 'বি', 'সি' এবং 'ডি'। 'এ' গ্রুপে নিয়োগ হয় এইসব সার্ভিসে: ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ), ওয়েস্ট বেঙ্গল কমার্শিয়াল ট্যাক্স সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল এক্সাইজ সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল লেবার সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল ফুড অ্যান্ড সাপ্লায়েস সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল এমপ্লয়মেন্ট সার্ভিস (এমপ্লয়মেন্ট অফিসার [টেকনিক্যাল] বাদে), ওয়েস্ট বেঙ্গল রেজিস্ট্রেশন অ্যান্ড স্ট্যাম্প রেভেনিউ সার্ভিস। 'বি' গ্রুপে নিয়োগ হয় ওয়েস্ট বেঙ্গল পুলিশ সার্ভিসে। 'সি' গ্রুপে নিয়োগ হয় এই সমস্ত চাকরিতে: সুপারিন্টেড্যান্ট, ডিস্ট্রিক্ট কারেকশনাল হোম, ডেপুটি সুপারিন্টেড্যান্ট, সেন্ট্রাল কারেকশনাল হোম, জয়েন্ট ব্লক ডেভেলপমেন্ট অফিসার, ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অব কনজিউমার অ্যাফেয়ার্স অ্যান্ড ফেয়ার বিজনেস প্র্যাক্টিসেস, ওয়েস্ট বেঙ্গল জুনিয়র সোশ্যাল ওয়েলফেয়ার সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ল্যান্ড রেভেনিউ সার্ভিস (গ্রেড-ওয়ান), অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল ট্যাক্স অফিসার, অ্যাসিস্ট্যান্ট ক্যানাল রেভেনিউ অফিসার (ইরিগেশন), চিফ কন্ট্রোলার অব কারেকশনাল সার্ভিসেস। 'ডি' গ্রুপে নিয়োগ হয় ইনস্পেক্টর অব কো-অপারেটিভ সোসাইটিজ, পঞ্চায়েত ডেভেলপমেন্ট অফিসার আন্ডার দ্য পঞ্চায়েত অ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট, রিহ্যাবিলিটেশন অফিসার আন্ডার দ্য রিফিউজি রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্টে। বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.pscwbonline.gov.in

## স্টাফ সিলেকশন

□ *উচ্চমাধ্যমিক পাশ। স্নাতকে প্রথম বর্ষের পর আর পড়াশোনা করতে পারিনি। স্টেনোগ্রাফি শিখেছি। এই যোগ্যতায় আমি কি কোনও কেন্দ্রীয় সরকারি চাকরির জন্য আবেদন করতে পারি? —সাত্যকি ভৌমিক, আরামবাগ, হুগলি।*

□□ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ ও কার্যালয়ে স্টেনোগ্রাফার (গ্রেড 'সি' ও 'ডি') নেওয়া হয়। যে-কোনও শাখার উচ্চমাধ্যমিকরাই আবেদনের যোগ্য। সেই সঙ্গে গ্রেড 'সি'-র প্রার্থীদের মিনিটে ১০০টি এবং গ্রেড 'ডি' প্রার্থীদের মিনিটে ৮০টি শব্দ শর্টহ্যান্ডে লেখার দক্ষতা থাকতে হয়। স্কিল টেস্টে গ্রেড 'সি'-র প্রার্থীদের ক্ষেত্রে মিনিটে ১০০টি শব্দ, গ্রেড 'ডি' প্রার্থীদের মিনিটে ৮০টি শব্দের গতিতে ১০ মিনিটের ডিক্টেশন দেওয়া হয় ইংরেজি বা হিন্দিতে। শর্টহ্যান্ডে নেওয়া ডিক্টেশন গ্রেড 'সি'-র প্রার্থীদের ইংরেজিতে ৪০ মিনিটে (হিন্দিতে ৫৫ মিনিটে) এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজিতে ৫০ মিনিটে (হিন্দিতে ৬৫ মিনিটে) কম্পিউটারে টাইপ করতে হবে। এ ছাড়া থাকবে লিখিত পরীক্ষা। প্রার্থীর বয়স হতে হয় ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.ssc.nic.in

## ব্যাঙ্ক

□ *স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় ডেভেলপার বিভাগে স্পেশ্যালিস্ট অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —আদিত্য অধিকারী, রঘুনাথপুর, পুরুলিয়া।*

□□ স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় ডেভেলপার বিভাগে স্পেশ্যালিস্ট অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক অথবা ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্সে এম এসসি অথবা এম সি এ। সঙ্গে ইনফর্মেশন টেকনোলজির ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে রিজনিং (৫০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৩৫ নম্বর), ইংলিশ (৩৫ নম্বর) এবং সংশ্লিষ্ট বিষয়ে (১৫০ নম্বর)। লিখিত পরীক্ষার সম্ভাব্য তারিখ ২০ অক্টোবর। মোট সময় ২ ঘণ্টা ৪০ মিনিট। ২৫ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই যে-কোনও একটি ওয়েবসাইটের মাধ্যমে: https://bank.sbi/careers, https://www.sbi. co.in/careers

## কোর্স, ট্রেনিং

□ *দূরশিক্ষা ব্যবস্থায় এনভায়রনমেন্টাল ল অ্যান্ড পলিসির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স করতে চাই। বিস্তারিত জানাবেন। —সীমা দত্ত, শিলিগুড়ি।*

□□ এনভায়রনমেন্টাল ল অ্যান্ড পলিসির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ওয়ার্ল্ড ওয়াইড ফান্ড ফর নেচারের অধীনস্থ সেন্টার ফর এনভায়রনমেন্টাল ল। ১ বছর মেয়াদের এই কোর্সটি দিল্লির ন্যাশনাল ল ইউনিভার্সিটি দ্বারা স্বীকৃত। কোর্সটি পড়ানো হবে দূরশিক্ষা ব্যবস্থায়। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখার স্নাতক হলেই আবেদন করা যাবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে। কোর্স ফি ১৩,০০০ টাকা। শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। প্রয়োজনে টেলিফোনে ইন্টারভিউ নেওয়া হতে পারে। কোর্সটি পড়া যাবে দু'ভাবে— অফলাইন ও অনলাইন। অফলাইনে পড়তে চাইলে ছাত্রছাত্রীর নির্দিষ্ট ঠিকানায় স্টাডি মেটেরিয়াল পাঠিয়ে দেওয়া হবে। অনলাইনের ক্ষেত্রে স্টাডি মেটেরিয়াল পাওয়া যাবে প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ওয়েবসাইট থেকে। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.wwfindia.org/cel প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্রটি স্ক্যান করে ই-মেল করতে হবে এই আই ডি-তে: submissions cel@wwfindia.net অথবা নথি-সহ আবেদনপত্রটি ডাকে পাঠাতে পারেন এই ঠিকানায়: The Course Coordinator, Centre for Environmental Law, WWF-INDIA, 172-B, Lodi Estate, NEW DELHI – 110 003. উভয় ক্ষেত্রেই আবেদনপত্র পৌঁছনোর শেষ তারিখ ২০ সেপ্টেম্বর।

□ *মুম্বই ন্যাভাল ডকইয়ার্ডে মেকানিক রেফ্রিজারেটর অ্যান্ড এয়ার কন্ডিশনিং ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —সনাতন মান্না, দাঁতন, পশ্চিম মেদিনীপুর।*

□□ মুম্বই ন্যাভাল ডকইয়ার্ডে মেকানিক রেফ্রিজারেটর অ্যান্ড এয়ার কন্ডিশনিং ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল ট্রেডে এন সি ভি টি স্বীকৃত আই টি আই সার্টিফিকেট। এর পাশাপাশি, উচ্চতা হতে হবে ১৫০ সেমি। বুকের ছাতি অন্তত ৫ সেমি পর্যন্ত ফোলানোর ক্ষমতা থাকতে হবে। ওজন অন্তত পক্ষে ৪৫ কেজি হতে হবে। দৃষ্টিশক্তি এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯ (চশমা-সহ ৬/৯ পর্যন্ত সংশোধনযোগ্য) হতে হবে। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে নভেম্বরে, মুম্বইয়ে। দু'ঘণ্টার পরীক্ষায় জেনারেল সায়েন্স, জেনারেল নলেজ ও ম্যাথমেটিক্স বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ইন্টারভিউ বা স্কিল টেস্টের জন্য ডাকা হবে। ওয়েবসাইট: www.bhartiseva.com

□ *রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে চিনা ভাষার ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —সুদেষ্ণা ঘোষ, বারাকপুর।*

□□ চিনা ভাষার ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ল্যাঙ্গুয়েজেস অ্যান্ড কালচার। ক্লাস শুরু হবে নভেম্বরে। কোর্সের মেয়াদ ৬ মাস। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ। ক্লাস নেওয়া হবে সপ্তাহে দু'দিন। কোর্স ফি প্রতিটি স্তরের ক্ষেত্রে ২,২০০ টাকা। আবেদন গ্রহণ চলছে। প্রতিষ্ঠান থেকে যে-কোনও কাজের দিন দুপুর ১২টা থেকে বিকেল ৪টের মধ্যে আবেদনপত্র সংগ্রহ করতে হবে। প্রতিষ্ঠানের ঠিকানা: Office of the School of Languages and Culture, Rabindra Bharati University (Room no. 400, New Building), Emerald Bower Campus, 56A, B.T. Road, Kolkata-700 050. ভর্তি প্রক্রিয়া চলবে ২৬ সেপ্টেম্বর পর্যন্ত (দুপুর ১২টা থেকে বিকেল সাড়ে ৩টে পর্যন্ত)। তথ্যের জন্য যে-কোনও কাজের দিন দুপুর ১২টা থেকে বিকেল ৪টের মধ্যে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৫৫৮৪৪৪৩। ওয়েবসাইট: www.rbu.ac.in

## নেট/সেট

□ *ইউ জি সি 'নেট' পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে চাই। অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —তিমির চৌধুরি, মাকড়দহ, হাওড়া।*

□□ ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের অধীন বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের জন্য যোগ্যতামান নির্ধারণের পরীক্ষা 'নেট'-এর দরখাস্ত নেওয়া হচ্ছে। শিক্ষাগত যোগ্যতা: হিউম্যানিটিজ (ল্যাঙ্গুয়েজ-সহ), সোশ্যাল সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশনস, ইলেক্ট্রনিক সায়েন্স প্রভৃতি বিষয়ের স্নাতকোত্তর ডিগ্রিধারীরা মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং ট্রান্সজেন্ডারদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। যাঁরা মাস্টার ডিগ্রির ফাইনাল পরীক্ষা দেবেন বা দিয়েছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। পি এইচ ডি-ডিগ্রিধারী, যাঁদের স্নাতকোত্তর স্তরের পরীক্ষা ১৯ সেপ্টেম্বর, ১৯৯১ তারিখের আগে সম্পূর্ণ হয়েছে তাঁরা শিক্ষাগত যোগ্যতায় ৫ শতাংশ ছাড় পাবেন। ওয়েবসাইট: www.ntanet. nic.in

## অন্যান্য চাকরি

□ *এয়ার ইন্ডিয়ায় অ্যাসিস্ট্যান্ট সুপারভাইজর পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —অনুপ মণ্ডল, শ্যামপুর, হাওড়া।*

□□ এয়ার ইন্ডিয়ায় অ্যাসিস্ট্যান্ট সুপারভাইজর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক-সহ কম্পিউটারে অন্তত পক্ষে ৬ মাস মেয়াদের ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে। অথবা ইনফর্মেশন টেকনোলজিতে বি সি এ বা বি এসসি বা গ্র্যাজুয়েট। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে বা ডেটা এন্ট্রি বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এ ছাড়া এয়ারক্রাফট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা থাকলেও আবেদন করা যাবে। সে ক্ষেত্রে অ্যাভিয়েশন-সংক্রান্ত সফটওয়্যারের কাজে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ২৮ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.airindia.in

□ *কোচিন শিপইয়ার্ডে মেকানিক্যাল শাখায় প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে জানাবেন। —প্রিয়জিৎ সাহা, রাণাঘাট, নদিয়া।*

□□ কোচিন শিপইয়ার্ডে মেকানিক্যাল শাখায় প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: সব ক্ষেত্রেই স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ তিন বছরের ডিপ্লোমা। সেই সঙ্গে কোনও শিপইয়ার্ড বা মেরিন ইঞ্জিনিয়ারিং ট্রেনিং ইনস্টিটিউট বা হেভি ইঞ্জিনিয়ারিং কোম্পানিতে ২ বছরের অভিজ্ঞতা বা প্রশিক্ষণ নিয়ে থাকতে হবে। কম্পিউটার-নির্ভর পরিবেশে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। প্রার্থী বাছাই করা হবে ১০০ নম্বরের অনলাইন টেস্টের মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র কেরলের বিভিন্ন শহর। পরীক্ষা হবে অক্টোবর মাসে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সমস্ত বিষয়ে: জেনারেল নলেজ (১০ নম্বর), জেনারেল ইংলিশ (১০ নম্বর), রিজনিং (১০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (১০ নম্বর) ও সংশ্লিষ্ট শাখা (৬০ নম্বর)। সময় দেড় ঘণ্টা। দেখুন এই ওয়েবসাইট: www.cochin shipyard.com

□ *এয়ারফোর্সে এয়ারম্যান পদে দরখাস্ত করতে চাই। আমি কি গ্রুপ 'এক্স' ও গ্রুপ 'ওয়াই', দুটি ক্যাটেগরির ক্ষেত্রেই আবেদন করতে পারি? বিস্তারিত জানালে উপকৃত হব। —প্রতীক আচার্য, কবিলাশপুর, বীরভূম।*

□□ এয়ারফোর্সে এয়ারম্যানের গ্রুপ 'এক্স'-এর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: অঙ্ক, ফিজিক্স ও ইংরেজি-সহ উচ্চমাধ্যমিক পাশ। মোট অন্তত ৫০ শতাংশ এবং ইংরেজিতে ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। অন্যদিকে, গ্রুপ 'ওয়াই'-এর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা হিসেবে প্রয়োজন যে-কোনও শাখায় মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক। ইংরেজিতে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। মনে রাখবেন, গ্রুপ 'এক্স'-এর মতো শিক্ষাগত যোগ্যতা থাকলে আপনি দু'টি গ্রুপের জন্যই আবেদন করতে পারবেন। পরীক্ষা হবে একইসঙ্গে। ইংরেজি, রিজনিং ও জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে পাশ করলে গ্রুপ 'ওয়াই' এবং ইংরেজি, অঙ্ক ও ফিজিক্স বিভাগে পাশ করলে 'এক্স' গ্রুপের জন্য নির্বাচিত হওয়া যাবে। উভয় বিভাগেই পাশ করলে দুই গ্রুপের জন্যই মনোনীত হওয়া যাবে। সেক্ষেত্রে পরবর্তীকালে প্রার্থীর মেধা, প্রবণতা ইত্যাদির ভিত্তিতে গ্রুপ নির্ধারণ করবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। খুঁটিনাটি তথ্য পাবেন এই ওয়েবসাইটে: www.airmenselection.gov.in

□ *এয়ার ইন্ডিয়ায় ট্রেনি কন্ট্রোলার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —দেবাংশু হালদার, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

□□ এয়ার ইন্ডিয়ায় ট্রেনি কন্ট্রোলার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্সে বি ই বা বি টেক। পাশাপাশি, গেট-২০১৯ পরীক্ষায় মোট অন্তত ৭০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ এম সি এ বা কম্পিউটার সায়েন্সে স্নাতকোত্তর ডিগ্রি। ১৮ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.airindia.in

□ *ইন্টেলিজেন্স ব্যুরোয় জুনিয়র ইন্টেলিজেন্স অফিসার গ্রেড-টু পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন? —অমিত ধর, দুর্গাপুর।*

□□ ইন্টেলিজেন্স ব্যুরোয় জুনিয়র ইন্টেলিজেন্স অফিসার গ্রেড-টু পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। অবশ্যই অঙ্ক ও ফিজিক্স পড়ে থাকতে হবে। সেই সঙ্গে রেডিও টেকনিশিয়ান বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ট্রেডে ২ বছরের আই টি আই কোর্স করে থাকতে হবে। ওয়েবসাইট: www.mha. nic.in

## বিবিধ

□ *রবীন্দ্র মুক্ত বিদ্যালয় থেকে মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পাশ করেছি। এই যোগ্যতা উচ্চতর শিক্ষা ও সরকারি চাকরির ক্ষেত্রে কি গ্রাহ্য হবে? —প্রকাশ ভট্টাচার্য, হুগলি।*

□□ রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক যোগ্যতা পশ্চিমবঙ্গে উচ্চতর শিক্ষা ও চাকরির ক্ষেত্রে গ্রাহ্য হয়। রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক সার্টিফিকেট রাজ্যের প্রথাগত মাধ্যমিক (মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত) এবং উচ্চমাধ্যমিক (উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ পরিচালিত) যোগ্যতার সমতুল গণ্য করা হয়। রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের উচ্চমাধ্যমিক যোগ্যতা রাজ্যের বিভিন্ন বিদ্যালয়ে গ্র্যাজুয়েশন কোর্সে ভর্তির ক্ষেত্রেও গ্রাহ্য হয়। এমনকী এই বিদ্যালয় থেকে বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ করার পর ইঞ্জিনিয়ারিং ও ডাক্তারির ডিগ্রি কোর্স পড়ার জন্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষাতেও বসা যায়। সরকারি চাকরির ক্ষেত্রেও এই বিদ্যালয়ের মাধ্যমিক-উচ্চমাধ্যমিক যোগ্যতা স্বীকৃত। ওয়েবসাইট: www.twbcros.org যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদ, বিকাশ ভবন, তৃতীয় তল, ইস্ট ব্লক, বিধাননগর, কলকাতা-৯১। ফোন: (০৩৩) ২৩২১ ৩২৬১।

নাম : ............................

ঠিকানা : ............................

............................

............................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

Scanned by CamScanner

# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## ইন্টারভিউয়ে তোমার উত্তর যেন প্রাসঙ্গিকতা না হারায়



অভিষেক চক্রবর্তী
প্রাক্তন ম্যানেজার-সেলস
ভোডাফোন আইডিয়া লিমিটেড

কাজের দুনিয়া এখন অনেক বেশি পেশাদার। তাই ইন্টারভিউয়ের সময় প্রার্থীর থেকেও পেশাদারি মানসিকতা আশা করা হয়।

### রোজকার কাজের তালিকা তৈরি

কর্মজীবন শুরুর আগেই নিজের মধ্যে এই পেশাদারি মনোভাব তৈরি করবে কীভাবে? কয়েকটা পদ্ধতি নিয়মিত অনুসরণ করো। শুরু করো কাগজ-কলম নিয়ে। নিজের রোজকার কাজের তালিকা বানাও, যাকে বলে টু-ডু লিস্ট। এবার কোন কাজ প্রথমে করতে হবে, কোনটা তার থেকে একটু কম গুরুত্বপূর্ণ— এইভাবে প্রয়োজন অনুযায়ী পর পর সাজাতে হবে করণীয় বিষয়ের তালিকা। নিজের কাছে এই তালিকাটি রেখে দাও। ধারাবাহিকতা বজায় রেখে সময়ের মধ্যে কাজ শেষ করার চেষ্টা করো।

পড়াশোনা শেষ মানেই বেকার জীবন, কাজ নেই— এই ভাবে ভেবো না। চারপাশে তাকিয়ে দেখো, অনেক কাজ আছে নিজের, বাড়ির এবং অবশ্যই চাকরির প্রস্তুতির। তাই কলেজ-জীবন শেষ করেই নিজের কাজের ডেডলাইন মেনে চলতে পারলে সেখানেই প্রস্তুতির অনেকটা নেওয়া হয়ে গেল।

ইন্টারভিউয়ের সময় বুঝতে চেষ্টা করা হয় প্রার্থীর দায়িত্ববোধ আছে কি না। নিজের কাজটা সময়ে শেষ করতে পারাই দক্ষ কর্মী হিসেবে তোমায় স্বীকৃতি দেবে।

### নিজের সম্পর্কে লেখো

ইন্টারভিউ পর্ব শুরুর আগে নিজের সম্পর্কে একটা রচনা লিখে ফেল। পারলে পয়েন্ট করে লেখো। আত্মতুষ্টি বা অন্যের মুখে শোনা নিন্দা বা প্রশংসা নয়, একেবারেই তোমার কথা। তোমার পাওয়া-না-পাওয়া, কোথায় তোমার ভয়, খুঁজে বার করো। ইন্টারভিউয়ের অনেক প্রশ্নেরই উত্তর পেয়ে যাবে ওই লেখার মধ্যে। নব্বই শতাংশ ক্ষেত্রেই



ইন্টারভিউয়ে জানতে চাওয়া হবে তোমার সম্পর্কে। তখন নিজেকে ঠিকভাবে উপস্থাপন করতে হবে। তার জন্য আগে নিজের বিষয়ে গুছিয়ে সবকিছু জানাটা তো দরকার!

### উত্তরের উপযোগিতা

ইন্টারভিউয়ের সময় অনেক ছোট ভুলও বড় চেহারা নিয়ে নেয়। এ প্রসঙ্গে একজনের কথা বলি। তার কাছে জানতে চাওয়া হয়েছিল, কেন সে এই চাকরিতে যোগ দিতে চাইছে। উত্তরে সে জানায়, সংস্থার অফিস তার বাড়ির পাশেই, তাই সে এখানে কাজ করতে চায়। পুরো ইন্টারভিউ তার খুব ভালো হয়েছিল। কিন্তু শেষ কথাটি সব পণ্ড করে দেয়। কাজটি তাকে আর দেওয়া হয়নি।

আরেকজনকে একবার প্রশ্ন করা হয়, তার জোরের জায়গা কী? উত্তর এল, সে একসঙ্গে অনেক রসগোল্লা খেতে পারে। এখানে কোনও প্রাসঙ্গিক কৃতিত্বই বোঝা গেল না। অনেক সময় মজার প্রশ্ন করে তোমাকে হালকা করে দেওয়া হয়। হয়ত সেই সহজ পরিবেশে, বেশিই সহজ হয়ে, এমনধারা উত্তর দিয়ে ফেলে কেউ কেউ। কিন্তু এ ধরনের উত্তর অন্য সব দক্ষতায় জল ঢেলে দেয়। তাই আগে কথার উপযোগিতা বুঝে তারপর কথা বলতে হবে। মজার কথায় পরিবেশ হালকা করে নিতেই পারো,-কিন্তু কোথাও না কোথাও সেটাও যেন কাজে লাগে, প্রাসঙ্গিক হয়।

### নিজেকে খুশি রাখো

আমি লখনউয়ে বড় হয়েছি। প্রবাসী বাঙালি বলা যায়। পরে উচ্চশিক্ষার জন্য কলকাতায় ফেরা। ক্যাম্পাসিংয়ের মাধ্যমে চাকরি পেলেও সেই সুযোগ এসেছিল প্রায় দু'মাস বাদে। স্টেট ব্যাঙ্ক, ক্যাফে কফি ডে থেকে শুরু করে অনেক জায়গায় ইন্টারভিউ দিতাম তখন। ব্যর্থ হয়েছি বলে দুঃখ করিনি। হাত-পা গুটিয়ে বসেও থাকিনি। নিজের ভুল শুধরে নিতাম যতটা সম্ভব আর সিনেমা দেখতাম। সিনেমা দেখতে আমার ভালো লাগত। মনোভাব যাতে নেতিবাচক না হয়ে যায়, তার জন্য নিজেকে খুশি রাখতে হবে। মনে আনন্দ না থাকলে কাজের উৎসাহে ভাটা পড়তে বাধ্য। তাই না পারলে, শুধু না-পারাটাকে নিয়ে ভেবে মন খারাপ করো না। প্রস্তুতি নাও আরও জোরকদমে। 'সেইসঙ্গে নিজের পছন্দের কাজ বা অবসর যাপনও থাকুক।

## পাওয়ার গ্রিডে এক্সিকিউটিভ ট্রেনি

### গেট-২০২০ পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে

বেশ কিছু এক্সিকিউটিভ ট্রেনি (ইলেক্ট্রিক্যাল) নেবে পাওয়ার গ্রিড কর্পোরেশন অব ইন্ডিয়া। প্রার্থীকে অবশ্যই গেট-২০২০ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে। প্রথমে এক বছরের ট্রেনিং। সফলভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CC/04/2019.

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৭০ শতাংশ নম্বর বা সমতুল গ্রেড-সহ ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল (পাওয়ার) বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা পাওয়ার সিস্টেমস ইঞ্জিনিয়ারিং বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল)-এ বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং)। সেই সঙ্গে গেট-২০২০ পরীক্ষায় সংশ্লিষ্ট 'ই ই' (ইলেক্ট্রিক্যাল) পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে দরখাস্ত করতে পারেন। সেক্ষেত্রে ১৪-৮-২০২০-এর মধ্যে হাতে রেজাল্ট পেয়ে থাকতে হবে।

বয়স: ৩১-১২-২০১৯ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: ৬০,০০০-১,৮০,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে গেট-২০২০ পরীক্ষায় প্রাপ্ত নম্বর, ইন্টারভিউ ও গ্রুপ ডিসকাশনের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.powergridindia.com প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৫ জানুয়ারি থেকে ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত। উল্লেখ্য, গেট-২০২০ পরীক্ষার জন্য অনলাইন দরখাস্ত করা যাবে ২৪ সেপ্টেম্বর পর্যন্ত এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.gate.iitd.ac.in পরীক্ষা হবে ১, ২, ৮ এবং ৯ ফেব্রুয়ারি। গেট-এর জন্য অনলাইন দরখাস্ত করার পর রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। এই রেজিস্ট্রেশন নম্বরের সাহায্যে পাওয়ার গ্রিড কর্পোরেশনের জন্য অনলাইন দরখাস্ত করা যাবে। বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ঝাড়গ্রামে রূপশ্রী প্রকল্পে চাকরি

ডেটা এন্ট্রি অপারেটর ও অ্যাকাউন্ট্যান্ট পদে ৫ জনকে নেবে ঝাড়গ্রামের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অ্যান্ড কালেক্টর অফিস। চুক্তিতে নিয়োগ হবে রূপশ্রী প্রকল্পের অধীনে। প্রার্থীকে অবশ্যই ঝাড়গ্রাম জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 55/RUP/JGM.

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.jhargram.gov.in প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ৩০ সেপ্টেম্বরের মধ্যে জমা দিতে হবে নির্দিষ্ট ঠিকানায় রাখা ড্রপবক্সে।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
shine.
Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA

Companies Recruiting This Week

Torrel Cos. Pvt. Ltd
Company: Torrel Cos. Pvt. Ltd
Position Title: Medical Representative
Experience, Location: 1 year - 4 year, Kolkata
Profile: You should be a science graduate preferably with minimum 1 year of experience in the same position. The flair for marketing and fluency in english is a must. You have to market our products to the medical fraternity in hospitals.
To apply for this job, log on to www.shine.com and search using 10164427 as keyword.

Sketch Web Solution
Company: Sketch Web Solution
Position Title: Web Developer
Experience, Location: 5 year - 10 year, Kolkata
Profile: Minimum Knowledge in Core PHP, Javascript, MySQL Projects. Additional knowledge of MVC, Open Source, Wordpress , Jhoomla, Magento, Smarty, Yii, e-commerce, Drupal, Cake php, Codeigniter, Open cart, Zen cart will be an added advantage.
To apply for this job, log on to www.shine.com and search using 10181936 as keyword.

RJ Softwares
Company: RJ Softwares
Position Title: Account Manager
Experience, Location: 3 year - 4 year, Kolkata
Profile: Managing and overseeing the daily operations of the accounting department. Monitoring and analyzing accounting data and produce financial reports or statements. Proven prior work experience as Accountant. Knowledge in working on Accounting softwares. (Tally, Tally ERP, etc)
To apply for this job, log on to www.shine.com and search using 10094201 as keyword.

Lakshmi North East Solutions
Company: Lakshmi North East Solutions
Position Title: Accountant
Experience, Location: 2 year - 5 year, Kolkata
Profile: Accountant (male) Jobs in Kolkata - Vacancy in Accounting / Auditing / Taxation Accountant. Should have 2 to 5 years exp in Accounts.
To apply for this job, log on to www.shine.com and search using 9997567 as keyword.

EDUBRIDGE LEARNING PVT LTD
Company: EDUBRIDGE LEARNING PVT LTD
Position Title: Sales Executive
Experience, Location: 1 year - 4 year, Kolkata
Profile: Promote company's training program to potential students. Drive high-quality leads to the center for enrollments. Perform marketing and direct sales activities in order to drive enrollment and revenue for the center Ability to understand the student
To apply for this job, log on to www.shine.com and search using 10254603 as keyword.

Hinduja Global Solutions Limited
Company: Hinduja Global Solutions Limited
Position Title: Merchant Sales Officer
Experience, Location: 1 year - 6 year, Kolkata
Profile: We are having urgent requirement of Merchant Sales Officers for Selling of EDC Swipe machine to Merchants. Candidates should have minimum 6 months sales experience in Banking field sales/Merchant acquisition/CASA/EDC Swipe Machine Sales/Merchant Acquisition/Any field Sales
To apply for this job, log on to www.shine.com and search using 10255355 as keyword.

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203
Not for Candidates
shine.com
Great careers start here

The Education House

Scanned by CamScanner

# কারেন্ট অ্যাফেয়ার্স

৩০ অগস্ট-৬ সেপ্টেম্বর

**৩০ অগস্ট** মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ব্যক্তিগত সহকারী ম্যাডলেনি ওয়েস্টারহাউট ইস্তফা দিলেন। সূত্র মারফত জানা গিয়েছে, প্রেসিডেন্টের পরিবার এবং হোয়াইট হাউসের কিছু খবর সাংবাদিকদের কাছে ফাঁস করার জেরেই পদত্যাগ করতে বাধ্য হয়েছেন তিনি। ট্রাম্প প্রেসিডেন্ট হওয়ার পর থেকেই তাঁর ব্যক্তিগত সহকারী ছিলেন ওয়েস্টারহাউট।

## রাশিয়া সফরে মোদী




৪ সেপ্টেম্বর: রাশিয়া সফরে গিয়ে সাইবেরিয়ার ভ্লাদিভস্তকে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে বৈঠক করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৈঠকে সামরিক সরঞ্জাম ও খুচরো যন্ত্রাংশ তৈরির ক্ষেত্রে বড়সড় পদক্ষেপ করেছে দুই দেশ। এই সমঝোতার ফলে রুশ সামরিক সরঞ্জামের উপাদান এবং খুচরো যন্ত্রাংশ তৈরি করবে ভারত। প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে এই কাজ হবে। এ ক্ষেত্রে ক্রেতা বিক্রেতার সম্পর্ক ছেড়ে যৌথ উদ্যোগে শামিল হবে দুই দেশ। এদিন দু'দেশের মধ্যে এই মর্মে চুক্তিও হয়েছে। পুতিন বলেছেন, 'রাশিয়া পাঁচ দশক ধরে প্রতিরক্ষা ক্ষেত্রে ভারতের বিশ্বাসযোগ্য সহযোগী।' এদিন প্রকাশিত যৌথ বিবৃতিতে বলা হয়েছে, প্রতিরক্ষা ক্ষেত্রে সহযোগিতাকে প্রসারিত করতে দুই দেশ দায়বদ্ধ। মোদীর সফরে রাশিয়ার সঙ্গে সামরিক, বাণিজ্যিক-সহ ১৫টি চুক্তি ও মউ স্বাক্ষরিত হয়েছে। ২০২৫ সালের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য তিন হাজার কোটি ডলারে নিয়ে যাওয়ার লক্ষ্যমাত্রা স্থির করেছে দুই দেশ।

**৩১ অগস্ট** কাশ্মীরের অধিকাংশ এলাকা থেকেই প্রশাসন নিষেধাজ্ঞা তুলল। তবে এখনও স্বাভাবিক নয় বাজার, স্কুল, পরিবহণ ব্যবস্থাও। সেনা সূত্রে জানানো হয়েছে, পীর পঞ্জাল এলাকায় ফের জঙ্গি কার্যকলাপ শুরুর চেষ্টা করছে ভারত-বিরোধী শক্তি। সেনাপ্রধান বিপিন রাওয়ত এ দিনই জম্মু-কাশ্মীরের পুঞ্চ ও রাজৌরিতে নিয়ন্ত্রণরেখার কাছে মোতায়েন সেনা ইউনিটগুলির প্রস্তুতি খতিয়ে দেখেন।

**বিএসএফ-এর ডিজি হলেন আইপিএস অফিসার বিবেক কুমার জোহরি।** ১৯৮৪ ব্যাচের মধ্যপ্রদেশ ক্যাডারের এই অফিসার এদিন বিএসএফের সদর দপ্তর নয়াদিল্লির সিজিও কমপ্লেক্সে দায়িত্ব গ্রহণ করলেন।

নেপালকে সাত গোলে হারিয়ে অনূর্ধ্ব-১৫ সাফ চ্যাম্পিয়নশিপে জয়ী হল ভারত। এদিন কল্যাণী স্টেডিয়ামে খেলার ফল হয় ৭-০। নেপালকে ৫-০ গোলে হারিয়েই প্রতিযোগিতা শুরু করেছিল ভারত। দ্বিতীয় ম্যাচে ভুটানকে ৭-০, তৃতীয় ম্যাচে শ্রীলঙ্কাকে ৫-০ এবং গ্রুপের শেষ ম্যাচে বাংলাদেশকে ৪-০ গোলে হারায় তারা। পাঁচ ম্যাচে ২৮ গোল করেছে ভারতীয় দল।

**১ সেপ্টেম্বর** পাকিস্তানে গুপ্তচর-বৃত্তির অভিযোগে বন্দি ভারতীয় নৌ-সেনা কুলভূষণ যাদবের সঙ্গে ভারতীয় কূটনীতিকদের দেখা করতে দেওয়া হবে বলে জানাল পাকিস্তান। পাক বিদেশমন্ত্রকের মুখপাত্র মহম্মদ ফয়সল টুইট করে জানিয়েছেন, 'ভিয়েনা কনভেনশন, আন্তর্জাতিক আদালতের রায় এবং পাক আইন মেনে এই অনুমতি দেওয়া হচ্ছে।'

## অসমে নাগরিকত্ব খারিজ ১৯ লক্ষের



৩১ অগস্ট: অসমে প্রকাশিত হওয়া চূড়ান্ত এনআরসি তালিকা থেকে বাদ পড়ল ১৯ লক্ষ ৬ হাজার ৬৫৭ জনের নাম। এর বিরুদ্ধে প্রথমে ফরেনার্স ট্রাইবুনালে, তারপর হাইকোর্ট-সুপ্রিম কোর্টে আবেদন জানানো যাবে। এনআরসি কর্তৃপক্ষ এদিন জানিয়েছেন, অসমে এখন ভারতীয় নাগরিকের সংখ্যা ৩ কোটি ১১ লক্ষ ২১ হাজার ৪ জন। পুরো ঘটনায় উদ্বেগ প্রকাশ করে অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল স্বচ্ছ আইনি প্রক্রিয়ার দাবি জানিয়েছে। তাদের বক্তব্য, ফরেনার্স ট্রাইবুনালের পক্ষপাতদুষ্টতার বহু উদাহরণ আছে। এনআরসি প্রকাশ উপলক্ষে অসম জুড়ে কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। গুয়াহাটি-সহ স্পর্শকাতর এলাকায় আধা-সেনা মোতায়েন করা হয়েছে। জারি হয়েছে ১৪৪ ধারা। ছবি: পি টি আই



"আশির দশকে আফগানিস্তানে তদানীন্তন সোভিয়েত ইউনিয়নের সঙ্গে লড়াই চালাতে তালিবানকে প্রশিক্ষণ দিয়েছিল পাকিস্তান। সেজন্য অর্থ জুগিয়েছিল মার্কিন গুপ্তচর সংস্থা সি আই এ।"

ইমরান খান, *পাকিস্তানের প্রধানমন্ত্রী*

মার্কিন টাকাতেই পাকিস্তানে জঙ্গি প্রশিক্ষণ বলে মন্তব্য করে

## শেষ মুহূর্তে পথ হারাল বিক্রম



৬ সেপ্টেম্বর: চাঁদের মাটিতে অবতরণের সময় মাটি থেকে মাত্র ২.১ কিলোমিটার উপরে থাকাকালীন ল্যান্ডার বিক্রমের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হল ইসরোর। ঠিক ৪৭ দিন আগে যাত্রা শুরু করেছিল বিক্রম। একেবারে দিনক্ষণ মেপে চাঁদের দক্ষিণ মেরুর কাছে নামছিল ভারতের চন্দ্রযান-২। বিক্রমের ভিতরে ছিল চাঁদের মাটিতে চলার জন্য রোভার প্রজ্ঞান। চাঁদের মাটিতে এবং তার উপরিতলে কী কী আছে সে বিষয়ে অনুসন্ধান চালানোর কথা ছিল প্রজ্ঞানের। উল্লেখ্য, চাঁদে অবতরণের ক্ষেত্রে প্রথম কৃতিত্ব দেখিয়েছিল রাশিয়া। ১৯৫৯ সালের ১৩ সেপ্টেম্বর প্রথমবার চাঁদে যন্ত্র-দূত বা ল্যান্ডার নামিয়েছিল রাশিয়া। ১৯৬৯ সালে মানুষ পাঠায় আমেরিকা। চিনও চাঁদে পাঠিয়েছে মুন-ল্যান্ডার। তবে গত ১১ এপ্রিল ইজরায়েলের মহাকাশযান চাঁদে নামতে গিয়ে ভেঙে পড়ে। অবশ্য, চাঁদের কক্ষপথে থাকা ভারতের অরবাইটারের পাঠানো থার্মাল ইমেজ বিশ্লেষণ করে জানা গিয়েছে বিক্রম চাঁদের মাটিতে ভেঙে পড়েনি। মাটিতে নামার পর তার অবস্থান একটু হেলে রয়েছে। মার্কিন মহাকাশ সংস্থা নাসাও ভারতীয় চন্দ্রযানের সঙ্গে যোগাযোগের চেষ্টা চালাচ্ছে।

**৩ সেপ্টেম্বর** আইএনএক্স মিডিয়া দুর্নীতি মামলায় প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী পি চিদম্বরমের গ্রেপ্তারির পর কর্নাটকে কংগ্রেস-জেডিএস জোট সরকার গড়ার অন্যতম কারিগর ডিকে শিবকুমারকে হেফাজতে নিল ইডি। কালো টাকা পাচারের মামলায় তদন্তকারী সংস্থাটি কয়েকদিন ধরেই শিবকুমারকে জিজ্ঞাসাবাদ করছিল। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার দাবি, তদন্তে সহযোগিতা করছিলেন না শিবকুমার। তাঁকে গ্রেপ্তারের পর কংগ্রেস টুইট করে বলেছে, 'আমাদের নেতাদের বিরুদ্ধে প্রতিহিংসার রাজনীতির তীব্র নিন্দা করছি। শিবকুমারের গ্রেপ্তারি নরেন্দ্র মোদী সরকারের ব্যর্থ নীতি এবং দেশের বেহাল অর্থনীতি থেকে মানুষের দৃষ্টি সরিয়ে দেওয়ার জন্য আরও একটি প্রয়াস।'

**ভারতীয় সেনাবাহিনীর সমরাস্ত্র-সম্ভারকে শক্তিশালী করতে বায়ুসেনায় যুক্ত করা হল** আমেরিকার তৈরি অ্যাপাচে এএইচ-৬৪ই হেলিকপ্টার। এদিন ভারত-পাকিস্তান সীমান্তের কাছে পাঠানকোট বিমানঘাঁটিতে অ্যাপাচে হেলিকপ্টারগুলিকে বায়ুসেনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। সেখানে উপস্থিত ছিলেন বায়ুসেনাপ্রধান বি এস ধানোয়া। তিনি বলেন, 'আক্রমণাত্মক ও ধ্বংসাত্মক হেলিকপ্টারগুলির মধ্যে অ্যাপাচে এএইচ-৬৪ই অন্যতম। একসঙ্গে অনেকগুলি অভিযানে এই কপ্টার ব্যবহার করা যেতে পারে। ভারতীয় বায়ুসেনার প্রয়োজন অনুযায়ী হেলিকপ্টারের গঠনে রদবদল করা হয়েছে।'

**পাকিস্তানে যেতে চাওয়া শিখদের ভিসায় দরাজ ছাড় দিলেন ইমরান।** ভারত ও অন্যান্য দেশ থেকে আসা শিখ তীর্থযাত্রীদের পাক বিমানবন্দরে নামা-মাত্র ভিসা এবং একাধিক প্রবেশের (মাল্টিপল) ভিসা দেওয়া হবে বলে জানিয়েছেন পাক প্রধানমন্ত্রী ইমরান খান। লাহোরের গভর্নর হাউসে শিখদের এক সম্মেলনে ইমরান বলেন,'করতারপুর আপনাদের মদিনা এবং নানকানা সাহিব আপনাদের মক্কা। এটা নতুন ভিসার যুগ। প্রথমে হয়তো কিছু বাধা আসবে, কিন্তু পাকিস্তানের তীর্থস্থানগুলিতে যাওয়ার সময়ে আপনাদের সমস্ত সুবিধা দেব।'

৪০ হাজারের গণ্ডি ছাড়িয়ে রাজ্যে সর্বকালীন রেকর্ড গড়ল সোনার দাম। জিএসটি যোগ করে রাজ্যে প্রতি ১০ গ্রাম ২৪ ক্যারাট পাকা সোনার দাম ৪০ হাজার টাকা ছাড়িয়ে গেল। বিশেষজ্ঞরা জানিয়েছেন, সোনার দাম বাড়ার কারণ এক দিকে, বিশ্ব বাজারে সোনার দাম বাড়ায় আমদানির খরচ বৃদ্ধি। অন্যদিকে, দেশে আমদানি শুল্ক ও জিএসটির চড়া হার। আগামী দিনে আমদানি আরও কমলে সোনার দাম আরও বাড়তে পারে বলে তাঁদের ধারণা।

**৪ সেপ্টেম্বর** পাকিস্তানে এই প্রথম কোনও হিন্দু তরুণী পুলিশ অফিসার পদে নিযুক্ত হলেন। পুষ্পা কোহলি নামে ওই তরুণী 'পাবলিক সার্ভিস কমিশন'-এর প্রতিযোগিতামূলক পরীক্ষায় পাশ করে সিন্ধু প্রদেশে অ্যাসিস্ট্যান্ট সাব ইনস্পেক্টর (এএসআই) হয়েছেন।

## সহজ সিরিজ জয় ভারতের




২ সেপ্টেম্বর: সাবাইনা পার্কে ওয়েস্ট ইন্ডিজকে দ্বিতীয় টেস্টে হারানোর সঙ্গে সঙ্গে সহজে সিরিজ জিতে নিল ভারত। ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে দ্বিতীয় টেস্টের চতুর্থ দিন তিন উইকেট নিয়ে পার্থক্য গড়ে দিলেন রবীন্দ্র জাদেজা। সেই সঙ্গেই টেস্ট বিশ্বকাপে প্রথম সিরিজজয়ী দলের সম্মান পেল ভারত। একই দিনে ভারতীয় টেস্ট অধিনায়ক হিসেবে সব চেয়ে বেশি জয়ের রেকর্ডও গড়ে ফেললেন বিরাট কোহলি। অধিনায়ক হিসেবে তিনি ২৮টি টেস্ট জিতলেন। বিরাটের আগে এই রেকর্ড ছিল মহেন্দ্র সিং ধোনির। এই সিরিজ জয়ের পর ১২০ পয়েন্ট নিয়ে টেস্ট বিশ্বকাপ তালিকায় শীর্ষে রয়েছে ভারত।

**৫ সেপ্টেম্বর** দেশের প্রাক্তন স্বরাষ্ট্র এবং অর্থমন্ত্রী পি চিদম্বরমকে সিবিআই হেফাজত থেকে তিহাড় জেলে পাঠানোর নির্দেশ দিল আদালত। দিল্লির বিশেষ সিবিআই আদালত তাঁকে ১৪ দিন জেল হেফাজতে রাখার নির্দেশ দেয়। রাজনীতিকদের মতে, সম্ভবত এই প্রথম কোনও প্রাক্তন স্বরাষ্ট্রমন্ত্রী তথা অর্থমন্ত্রীকে জেলে পাঠানো হল।

**প্রাক্তন মার্কিন প্রতিরক্ষাসচিব জিম ম্যাটিস** পাকিস্তানকে বিশ্বের সবচেয়ে বিপজ্জনক দেশ বলে অভিহিত করলেন। তাঁর সদ্য প্রকাশিত বই 'কল সাইন কেওস: লার্নিং টু লিড'-এ ম্যাটিস লিখেছেন, 'পরমাণু অস্ত্রসম্ভারে সমৃদ্ধ এবং কট্টর ভাবধারায় প্রভাবিত পাকিস্তানই বিশ্বের সবচেয়ে বিপজ্জনক দেশ।' পাক রাজনীতিবিদদের কড়া সমালোচনা করে তিনি আরও লিখেছেন, 'এ দেশের মানুষের সবচেয়ে বড় ট্রাজেডি, দেশের নেতারা তাঁদের ভবিষ্যৎ নিয়ে এতটুকু ভাবিত নন।' আমেরিকার টুইন টাওয়ারে হামলার পরে প্রায় এক দশক ধরে আফগানিস্তানে মার্কিন সেনাকে নেতৃত্ব দিয়েছেন ম্যাটিস। ট্রাম্প জমানায় দেশের প্রতিরক্ষাসচিব হন তিনি। অবশ্য গত বছরই পদত্যাগ করেন ম্যাটিস।

**রাশিয়ার ভ্লাদিভস্তকে ইস্টার্ন ইকনমিক** ফোরামের বৈঠকের ফাঁকে মালয়শিয়ার প্রধানমন্ত্রী মহাথির মহম্মদের সঙ্গে দ্বিপাক্ষিক পার্শ্ববৈঠকে মিলিত হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৈঠকের পরে বিদেশসচিব বিজয় গোখলে জানিয়েছেন, মালয়শিয়ায় আশ্রয় নেওয়া বিতর্কিত ধর্মগুরু জাকির নায়েককে ভারতে ফিরিয়ে নেওয়ার বিষয়টি বৈঠকে উত্থাপন করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। উল্লেখ্য, ২০১৬ সাল থেকে মালয়শিয়ায় আশ্রয় নিয়েছেন ওই বিতর্কিত ধর্মগুরু। তাঁকে ফেরত পাওয়ার জন্য নয়াদিল্লি বারবার আর্জি জানালেও কুয়ালা লামপুরের দিক থেকে এতদিন পর্যন্ত কোনও সদর্থক প্রতিশ্রুতি মেলেনি। অন্যদিকে সম্মেলনে আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত হয়ে প্রধানমন্ত্রী জানিয়েছেন, ভারতীয় সংস্থাগুলি রাশিয়ার প্রাকৃতিক গ্যাস ও তেল ক্ষেত্রে বিনিয়োগ করবে। মোদী বলেন, 'অ্যাক্ট ইস্ট নীতির অংশ হিসেবে রাশিয়ার উন্নয়নে সক্রিয় অংশ নিতে চায় ভারত। রাশিয়ার পূর্ব অংশের উন্নয়নে ভারত ১০০ কোটি ডলার পর্যন্ত ঋণ দেবে।' বাণিজ্যিক ও সামরিক ক্ষেত্রে সহযোগিতার প্রশ্নে ভারতের ক্রমবর্ধমান মার্কিন নির্ভরতাকে ইদানীং ভালো চোখে দেখছিল না রাশিয়া। রুশ সফরে গিয়ে মোদী রুশ-ভারত মৈত্রীর সম্পর্ককে ফের ঝালিয়ে নিতে চাইলেন বলে মনে করছেন কূটনীতিবিদরা।

## পোল্যান্ডের কাছে ক্ষমাপ্রার্থী জার্মানি



১ সেপ্টেম্বর: দ্বিতীয় বিশ্বযুদ্ধ সূচনার দিনটিকে স্মরণ করে পোল্যান্ডের কাছে ক্ষমাপ্রার্থী হল জার্মানি। এদিন সকালে পোল্যান্ডের উইলান শহরে গিয়ে ক্ষমা চাইলেন জার্মানির প্রেসিডেন্ট ফ্রাঙ্ক-ওয়াল্টার স্টাইনমায়ার। ১৯৩৯ সালের ১ সেপ্টেম্বর উড়ে এসেছিল জার্মান বায়ুসেনার প্রথম বোমাটি। অসংখ্য মানুষ মারা যান তাতে। এই শহরের সামরিক দিক থেকে কোনও তাৎপর্য ছিল না। শুধুমাত্র সাধারণের মধ্যে ত্রাস তৈরি করার উদ্দেশ্যে বেছে নেওয়া হয়েছিল আপাত-গুরুত্বহীন এই শহরটিকে। ধ্বংসের সেই ভয়ঙ্কর ঘটনার নিন্দা করে স্টাইনমায়ার জার্মান ও পোলিশ দুই ভাষাতেই বললেন, 'জার্মানির অত্যাচারের শিকার যাঁরা, আক্রান্ত সেই সব পোলিশ নাগরিকের কাছে নতমস্তকে ক্ষমাপ্রার্থী আমি।' উল্লেখ্য, দ্বিতীয় বিশ্বযুদ্ধে প্রাণ হারিয়েছিলেন পাঁচ কোটিরও বেশি মানুষ। তার মধ্যে অন্তত ৬০ লক্ষ ছিলেন পোলিশ নাগরিক।

Scanned by CamScanner

# বেলঘরিয়া ও শিয়ালদাকে কেন্দ্র করে সরকারি চাকরি পাওয়ার জন্য ভারতবর্ষের সর্ববৃহৎ এডুকেশন হাব এই রাজ্যেই

RICE EDUCATION
Since 1985
www.riceindia.org

আজও সাফল্যের শিখরে



প্রফেসর সমিত রায়, চেয়ারম্যান, রাইস গ্রুপ

## 'সরকারি চাকরি পেয়েই বাড়ি ফিরব'—

এই লক্ষ্য নিয়েই ৩৫ বছর ধরে প্রতি বছর হাজার হাজার ছাত্রছাত্রী পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা ও পার্শ্ববর্তী রাজ্যগুলি থেকে প্রশিক্ষণ নিতে আসছে বেলঘরিয়া ও শিয়ালদায়।

এই রাজ্যের বেলঘরিয়া, কামারহাটি, আগরপাড়া, পানিহাটি, সোদপুর, বরানগর, দমদম, শিয়ালদা, বেলেঘাটা, যাদবপুর অঞ্চলে RICE-এর হেডঅফিস বেলঘরিয়া ও সিটি অফিস শিয়ালদা সেন্টারকে কেন্দ্র করে সমাজের প্রতিটি স্তরের মানুষের উৎসাহে গড়ে উঠেছে সরকারি চাকরির প্রশিক্ষণের সর্ববৃহৎ এডুকেশন হাব।

ছাত্রছাত্রী ও তাদের অভিভাবকেরা সরকারি চাকরির নিশ্চয়তা, সম্মান, সামাজিক উন্নয়নে অংশগ্রহণের সুযোগ ও উচ্চ বেতন কাঠামোতে আকৃষ্ট হয়ে এবং RICE-এর উন্নতমানের প্রশিক্ষণে সরকারি চাকরির স্বপ্নকে সফল করার লক্ষ্যে এই এডুকেশন হাবকে এগিয়ে নিয়ে চলেছেন।

এক দিকে যেমন ইঞ্জিনিয়ারিং ও মেডিকেলের প্রবেশিকা পরীক্ষায় চান্স পাওয়ার লক্ষ্যে সারা ভারতবর্ষ থেকে প্রতি বছর হাজার হাজার ছাত্রছাত্রী রাজস্থানের কোটায় যায় বিভিন্ন প্রতিষ্ঠানে প্রশিক্ষণ নিতে, ঠিক তেমনই সরকারি চাকরির পরীক্ষায় সাফল্যের লক্ষ্যে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা তো বটেই পাশাপাশি বিহার, ঝাড়খণ্ড, ত্রিপুরা, আসাম প্রভৃতি রাজ্যগুলি থেকেও প্রতি বছর হাজার হাজার ছাত্রছাত্রী আসে RICE-এর বেলঘরিয়া ও শিয়ালদা সেন্টারে প্রশিক্ষণ নেওয়ার উদ্দেশ্যে। এই ছাত্রছাত্রীদের প্রায় ৮০% সফল হয়ে প্রতি বছর কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদ অলংকৃত করছে— এটাই RICE-এর ৩৫ বছরের ঐতিহ্য, লেটেস্ট ট্রেন্ড।

প্রশিক্ষণ নিতে আসা ছাত্রছাত্রীদের জন্যই, এই বিস্তীর্ণ অঞ্চল জুড়ে গড়ে উঠেছে মেস ও হস্টেলে ছাত্র- ছাত্রীদের থাকার সুব্যবস্থা, নতুন নতুন খাবার স্টল, ছাত্রছাত্রীদের প্রয়োজনীয় সামগ্রীর পসরা নিয়ে নানান ধরনের দোকান যা প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে প্রায় ২৫০০ মানুষের কর্মসংস্থান ও বছরে প্রায় ১০০-১৩০ কোটি টাকার লেনদেনের মাধ্যমে এই অঞ্চলের অর্থনীতিকে সমৃদ্ধ করছে।

RISE WITH RICE

বিশিষ্ট শিক্ষাবিদ ও রাইস গ্রুপের চেয়ারম্যান প্রফেসর সমিত রায় 'রাইস কেরিয়ার গাইড'-এ ছাত্রছাত্রীদের কেরিয়ার এবং অঙ্কের ক্লাস নিয়ে ভবিষ্যতের দিশা দেখাবেন।

**অ্যাডামাস ইন্টারন্যাশনাল স্কুল-অডিটোরিয়াম**, রথতলা, বেলঘরিয়া

২১ সেপ্টেম্বর ২০১৯, সকাল ৯.৩০

✆ 8479902091 / 8479918018




## RICE-এ পড়ে সফল হয়েছেন যাঁরা

### রাইস হেড অফিস 'বেলঘরিয়া' থেকে প্রশিক্ষণপ্রাপ্ত সদ্য সফল জেলার কয়েকজন ছাত্রছাত্রীর তথ্য...

- Arindam Mondal, WBCS-Gr-A Executive, Berhampore, Murshidabad
- AHM Latifuj Jamal, WBCS-Gr-A, WB Food & Supplies Service, Bolpur, Birbhum
- Saurav Das, WBCS-Gr-A, WB Revenue Service, Pradhannagar, Darjeeling
- Nandadulal Das, WBCS-Gr-A, WB Food & Supplies Service, Krishnanagar, Purba Medinipur
- Lipika Rajak, WBCS Gr-C, W B Sub Ordinate Land Revenue Service Grade-I, Behatore, Bankura
- Subham Adhikary, IBPS PO, UCO Bank, Denguajhar, Jalpaiguri
- Manotosh Mondal, IBPS Clerk, Union Bank, Santuri, Purulia
- Manika Singh, IBPS Clerk, UCO Bank, Debinagar, Raiganj
- Soushamya De, SSC (ER), Zoological Survey of India, Laboratory Assistant, Khatra, Bankura
- Abdus Samad, 1. WB Forest Guard 2. Krishi Prayukti Sahayak, Haruchak, Malda

### রাইস সিটি অফিস 'শিয়ালদা' থেকে প্রশিক্ষণপ্রাপ্ত সদ্য সফল জেলার কয়েকজন ছাত্রছাত্রীর তথ্য...

- Masud Raihan, WBCS-Gr-A (Executive), Rampurhat, Birbhum
- Diptesh Roy, WBCS-GR-C, Sub Ordinate Land Revenue Service Grade-I, Matigara, Darjeeling
- Subhajit Bera, 1. WBCS Gr-D, Inspector Co Opt Societies 2. Sub Inspector in F&S, Hariatara, Paschim Medinipur
- Romana Barman, IBPS-PO, Indian Bank, Raiganj, Uttardinajpur
- Masidur Rahman, WB Police Sub Inspector, Talsur, Malda
- Mukul Sk, WB Police Sub Inspector, Khodarampur, Murshidabad
- Pampa Maity, 1. Eastern Railway ASM 2. H & M Insp. Indian Railway, Mahatpur, Purba Medinipur
- Shish Mohammad, WBSSC Insp of Wakf, Margram, Birbhum
- Krishna Mohan Saha, 1. Municipal Service Commission Accounts Clerk 2. Primary TET, Bhagalpur, Bihar
- Suneet Kr. Patra, 1. IBPS RRB PO 2. IBPS PO-PNB, English Bazar Malda

## COURSES OFFERED : WBCS | General Combined (Bank, Railway, PSC, LIC, Postal, SSC,WB / Kolkata Police etc.)

**Call RICE Toll Free for any queries related to Courses & Admissions**

**✆ 1800 419 7474**
(9.30 am - 6.30 pm)

or Call- 8336934468 | For WhatsApp only 8335008844

Follow us
- @ riceeducationindia
- For more details on RICE Group visit the page of Prof. Samit Ray @ samitrayricegroup

- হেড অফিস - বেলঘরিয়া, 'দিশারী হাউস' ১১/১, বি টি রোড, রথতলা, (ডানলপের সন্নিকটে) বেলঘরিয়া, কলকাতা-৭০০০৫৬
- সিটি অফিস - শিয়ালদহ A. K. Point Premises ৬৮বি, এ পি সি রায় রোড, কলকাতা-৯ টাকি হাউজ স্কুল এবং শিয়ালদহ ESI হসপিটালের বিপরীতে

RICE Centres
- বেহালা
- সোনারপুর
- বারাসাত
- হাওড়া ময়দান
- বর্ধমান
- আসানসোল
- দুর্গাপুর
- বহরমপুর
- খড়গপুর
- মেদিনীপুর
- তমলুক-মানিকতলা
- শিলিগুড়ি
- মালদা
- কোচবিহার

**বারাসাত - রাইস রেসিডেন্সিয়াল**
RICE- এর একমাত্র আবাসিক প্রতিষ্ঠান
Adamas Knowledge City, Barasat-Barrackpore Road, Jagannathpur, Kolkata-700126
✆ 8479918032

**IAS / IPS & Judicial Services**
- IAS / IPS - Regular & Foundation Batch-2021, Eligibility : 10+2 / Graduate
- Judicial Services - 2021 at RICE Sealdah

✆ 8336951816 / 8336959049 / 8336934472

RICE-এর হেড অফিস এবং সিটি অফিসের বিশেষজ্ঞ শিক্ষকরাই জেলায় RICE-এর বিভিন্ন Centre-এ ক্লাস নেন। হেড অফিস ও সিটি অফিস-এ কর্মরত পরীক্ষার্থীদের জন্য শনি ও রবিবার বিশেষ ক্লাসের ব্যবস্থা আছে।

**রবিবারও রাইস-এর সমস্ত সেন্টার খোলা থাকে।**

Scanned by CamScanner

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

# রাজ্য সরকারে ক্লার্ক

## পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*Find out the right word to complete the following sentence.*

1. People generally want ______.
(a) peace (b) pices (c) peas (d) None of these
2. Truth is stronger than ______.
(a) inspiration (b) fiction (c) intelligence (d) lie
3. He could not check his temper. (Group verb)
(a) hold to (b) hold in (c) hold with (d) None
4. After reaching the station, we found that the train _____.
(a) has left (b) had left (c) was left (d) have left
5. Find from below, the word that means:
'A person who mends shoes'.
(a) Grocer (b) Shopper (c) Cobbler (d) Repairer
6. Complete the sentence by choosing the right part:
Nobody has been arrested ___.
(a) as yet (b) at the backside (c) in front (d) till tomorrow
**Direction (7 to 13):** *Fill in the blanks.*
7. Ram is blind _____ his son's faults.
(a) of (b) to (c) in (d) on
8. What is the time ______ your watch now?
(a) at (b) on (c) in (d) by
9. Swimming is beneficial ______ health.
(a) with (b) of (c) on (d) to
10. The word cheerful means:
(a) Envy (b) Free (c) Happy (d) Poor
11. He has been devoid ____ food for two days.
(a) in (b) of (c) with (d) to
12. This is the _____ post office to my house.
(a) closest (b) farthest (c) nearest (d) None of these
13. He ______ sit for hours listening to the wireless.
(a) would (b) will (c) can (d) could
14. He succeeded by dint ____ his hard labour.
(a) of (b) to (c) in (d) with
15. A manicurist takes care of:
(a) nails (b) foot (c) mind (d) None of these
16. I have no desire ____ fame.
(a) to (b) in (c) of (d) for
17. There is an exception ______ every rule.
(a) to (b) in (c) of (d) with
18. Find out from the given words the opposite of 'Vulgar'.
(a) Decent (b) Feel (c) Light (d) Noble
**Direction (19 to 23):** *Nearest in meaning.*
19. Diligent
(a) Dull (b) Industrious (c) Poor (d) Lazy
20. Diminutive
(a) Huge (b) Big (c) Small (d) None of these
21. Gale
(a) Storm (b) Wind (c) Calm (d) None of these
*Opposite in meaning.*
22. Attractive
(a) Repulsive (b) Inactive (c) Indecent (d) Prohibitive
23. Superior:
(a) Inferior (b) Junior (c) Big (d) Small
24. Choose from the following the correct indirect form of the sentence given.
Ram said, 'I drink water.'
(a) Ram said that he drunk water (b) Ram said that he drink water (c) Ram said that he had drunk water (d) None of these
25. He said, 'The school opens tomorrow.'
